আশা আবার ঘিরে ধরল ওকে। দোমড়ানো শরীরটায় ফিকে হয়ে আসা এক চিলতে প্রাণের কাঁপন লাগল।

দুদিন আগে কেশকাল ঘাটের মেলায় একটা লোকের সাথে দেখা হয় বুহানের – লোকটা নিজের নাম বলেছিল, বাহারু। বুহান সেখানে গেছিল জঙ্গল থেকে কটা মেটে আলু নিয়ে, যদি বিক্রি হয়। সারাদিন রোদের মধ্যে মেলায় ঘুরে পায়ের তলায় বড় ফোস্কা পড়ে গেছিল ওর –

তাও একটা আলুও কেউ নেইনি। মেলার শেষের কুসুম গাছের নিচে ওর ক্লান্ত অভুক্ত শরীরটা নেতিয়ে পড়েছিল। হটাৎ বিড়ির গন্ধে চোখ খুলে দেখল , একটা তাগড়া মরদ ওর দিকে তাকিয়ে – হাতে বাঁধা তিন চারটে পাটকিলে রঙের খরগোশ। গুটি গুটি চোখ তাদের। গাছের তলায় বসেছিল বাহারু , একটু জিরোতে। দু চার কথার পর বাহারু নিজে থেকেই বলেছিল ওর খরগোশ শিকারের গল্প , বলার সময় চোখে ঝরে পড়ছিল চকচকে সুখ – আত্মবিশ্বাস। আসলি মরদদের যেমন হয়। আজকের মতই শরীরের শেষ মোচড়টা দিয়ে উঠে বসেছিল বুহান। খরগোশ গুলোর দিকে তাকিয়ে বেঁচে থাকার ইচ্ছেটা আবার পেয়ে বসেছিল ওকে। খাতির করে বাহারুকে জিজ্ঞেস করেছিল এই খরগোশের রাহান সাহানের কথা। বাহারু বলেছিল আগে বুঝতে হবে ফাঁদ কি করে বানাতে হয়। বড় বড় চোখ করে বুহান বুঝে নিয়েছিল পুরো পদ্ধতিটা। জেনেছিল কোথায় গেলে চুরি করে পাওয়া যায় সরু নিকেলের তার , গাছের শক্ত ডাল কেটে মধ্যে গোল – গোল করে তার জুড়ে কি ভাবে তৈরি করতে হয় ফাঁদ। বাহারু অবশ্য এমনি বলেনি সব কিছু - মেলা থেকে কেনা তেল গায়ে মালিশ করিয়ে , ভালো করে গা হাত পা টিপিয়ে আগে গাছ তলায় লম্বা ঘুম দিল তারপর আসল কথাটা বলেছিল। রাতের বেলায় ডুমরাতরাই নদীর ওপারের যে বাঞ্জার জমি আছে , সেইখানে ঝাঁক বেঁধে আসে মেঠো খরগোশের দল – তুলে নেওয়া ফসলের ডগনা খেতে । তখন ঠিকঠাক ফাঁদ পাতলেই ......... বাদামী , পাটকিলে , কালচে হলুদ রঙের একেকটা স্বপ্ন ধরা দিয়ে দেবে ওর ঘরের চুলার মধ্যে । মাংস পোড়া গন্ধ যেন তখন থেকেই পেতে শুরু করেছিল বুহান।

#২

ঝোপের মধ্যে খচমচিয়ে আওয়াজ পেতেই সারা শরীর শক্ত হয়ে গেল বুহানের। ও শুয়ে পড়েছিল , সূর্যের ধারাল রশ্মি এফোঁড় ওফোঁড় করে দিচ্ছিল ওর হাড়ের মাঝে লেগে থাকা ফিনফিনে চামড়া। আরে কিসমাত...একটা বাচ্চা কালচে রঙের খরগোশ আটকা পড়েছে ... প্রাণপণ চেষ্টা করছে তারের বাঁধন কেটে বেরনোর। বুহান শরীর ঘষটে ঘষটে ফাঁদের কাছে গেল – খাবি খাচ্ছিল ও , মুখ দিয়ে রক্ত মেশানো নাল ঝরে পড়ছে। তাকত ফুরিয়ে আসছে হাতে পায়ে। কানের মধ্যে কেমন যেন রেলগাড়ির ঝমঝম আওয়াজ হচ্ছে... হাত বাড়িয়ে খরগোশটাকে ধরতে গিয়ে চোখ জড়িয়ে এল ওর , তাও মুখটা গর্তের মধ্যে ঢুকিয়ে দিল বুহান , মুখের নাল আর মাটি মিশে কাদা হয়ে উঠল ফাটা ঠোঁটের আশপাশে ...

খরগোশটাকে হাতে ধরে ফেলেছে ও ...টেনে বাইরে বের করে দেখল - ভয়ে জড়সড় বাচ্ছা খরগোশটা মুখটা গুটিয়ে নিয়েছে... লেকিন কেন জানেনা বুহানের এই জানবর টার চোখগুলো খুব চেনা লাগছে , কোথায় আগে দেখেছে ...ওর লেড়কার মতন কি ?... ওর বাচ্চারাও কতদিন ধরে ভুখা আছে , ছোটা লেড়কাটা বড্ড পেয়ারা , এই জানবরটার মুখটা ঠিক একরকম লাগছে । কাল বাড়ি থেকে জোগাড় নিয়ে বেরনোর সময় ছেলেকে বলে এসেছে ও – বড়কা খরগোশ ধরতে যাচ্ছে , বিকেলে যেন জরুর চলে আসে সে ...সব খরগোশ ও থোড়াই একা নিয়ে যেতে

পারবে। লেড়কা থাকলে সুবিধা হবে। একটু বাদেই চলে আসবে ওর লেড়কা ... মনে বহুত ফুর্তি নিয়ে আসবে , কতদিন বাদে ওরা ভালো করে মাংস খাবে ... নিজেরা খেয়ে শেষে গাঁও এর লোকজনকে ও দেবে... বাচ্চা খরগোশটা মারতে পারলনা ও। এখুনি তো মরছেনা বুহান, আরও কিছুক্ষণ দেখা যাক না। বড়কা তাগড়া শিকার মিলবে নিশ্চয়ই।

বুহানের লেড়কা যখন এল ওকে খুঁজতে তখন সূর্য ঢলে পড়েছে । নদীর চর জুড়ে ছড়িয়ে ছিটিয়ে আছে লালচে আলো। আজও সারদিন কিছু খায়নি ওরা কেউ । গাঁও ছেড়ে সবাই চলে যাচ্ছে । বাপ দুদিন আগে বলে গেছিল নদীর ধারে আসতে , কি যেন ফাঁদ পেতে রাখবে। সকাল থেকে নদীর ধারে বহুত বার এসেছে , দেখা পায়নি বাপের । এত বড় নদীর চড়া , কোথায় বসে আছে কে জানে ? লেকিন বাপকে আজকে ঢুঁড়তেই হবে ... ওর ক্লান্ত ক্ষুধার্ত পাও যেন মাটি কামড়ে আটকে থাকছে , চলতে চাইছেনা। পুরো নদীর চর , ঘাসবন ... এদিক ওদিক খুঁজে ফিরে অবশেষে ফাঁদের কাছে এসে সে দেখল – পায়ের মধ্যে লোহার তার জড়িয়ে আটকে আছে তার বাপ বুহান গোন্দা, শরীর শুকিয়ে ঠাণ্ডা হয়ে গেছে ... কিন্তু একি...বাপের মুখটা কিরকম লাগছে ... মুখটাতো কোই আদমির নেহি... মুখটা যেন বিলকুল একটা বড়কা খরগোশের মতন দেখাচ্ছে..!!! ভুখা পেটে কেমন যেন সব গোলমাল হয়ে যাচ্ছে, ইচ্ছে করছে বাপকেই পুড়িয়ে খেয়ে নিতে।

বুহানের ছেলে একটা দীর্ঘশ্বাস ফেলে আকাশের দিকে তাকাল। আর কেউ দেখতে পেলনা কিন্তু সে ঠিক দেখতে পেল ঈশ্বর নামের একটা একচোখা লোক ওর দিকে মজার চোখে তাকিয়ে আছে......

ছন্দক বন্দ্যোপাধ্যায়
ওয়েলিংটন – নিউজিল্যান্ড

## পুজোর ছড়া

ফাটছে কেমন ফাটছে দেখো

ফটাস পটাস ফট,

ক্লাবের সামনে খুঁটি পুজোর

এইসা বড় ঘট!

ঘটে নাকি বুদ্ধি আছে,

বলেই চলে লোক;

বুদ্ধিজীবী হেঁকে বলে

আর এক পাত্তর হোক!

খুঁটির সঙ্গে খটর মটর

বাঁশের পরে বাঁশ,

রাখতে হলে দখলদারি

লাশের পরে লাশ!

জবর জবর থীমের বাহার

চারদিকেতেই আলো,

বাংলা খেয়ে টাল হয়ে তো

থাকব আরো ভালো;

খরচ খরচা করছে অনেক

ছেলে গুলো তাজা,

সিন্ডিকেট, ঠিকাদার আর

চপ পাকোড়া ভাজা;

রূপোর ঠাকুর, সোনার মুকুট

স্পনসর আসে যত,

ভীড়ের চাপে চ্যাপ্টা চিঁড়ে

মানুষ শত শত!

এগরোল আর ফুচকা আছে

রাত বিরেতে খাওয়া,

ধাক্কা আছে মান অভিমান

হারিয়ে খুঁজে পাওয়া!

**অলক চক্রবর্তী,**
**রাজপুর, কলকাতা**

## হারানো বকুল

মন মানে না অনেক কিছুই
জানার চেষ্টা করে,
সব না মানায় ,বকুল ঝরার
গন্ধ আছে ভরে---
সাধ করে কি বকুল ঝরে
সময়ই নেয় সাড়া,
তখনই ফোটে মাটির আকাশে
হয়ে নতুন তারা৷

তারারা কখনো স্বপ্ন দেখে?
জানতে ইচ্ছে করে,
বকুল তখন হারিয়ে গেছে
হয়তো ফিরবে পরে---
কল্পনা কে উড়িয়ে দিলাম
খুঁজে আনতে তাকে,
রবি ঠাকুর আর কাদম্বরীর
মুঠোয় বকুল থাকে।

পেলাম খুঁজে স্মৃতির ঘরে
খাতায় ভরে দিলাম,
হারাতে তাকে দেবনা বলেই
আমার করে নিলাম।

Tanuja Chakraborty
Rajpur, Kolkata

## জল্পনা

জল্পনার আলপনা
কেটে সারাদিন
খুঁজি সারাদিন
তাধিন তাধিন –
এই তো পেয়েছি
খুঁজে কল্পনা –
কোথাও ত্রিশুল
কোথাও আজান
হঠাৎ  নিখোঁজ –
কথাহীন প্রাণ ।
বেশ তো আছি !
কাটে সারাদিন ,
কাটি সারাদিন –
জল্পনার আলপনা ।

## কল্প – চেতনা

আনমনা মন, হয়ে উনমনা
খুঁজে বেড়ায় মননের চেতনা
সেই চেতনার রং কে জানে !
তবু ভাসে মন জোয়ারের টানে
ভাঁটার খবর ! কেই বা রাখে –
তবু মনের আবর্ত , দ্বিধাম্লান্ত
গন্ডী কাটে , একটু হাঁটে
খুঁজে বেড়ায় অচীন আলোকস্তম্ভ –
ভেসে ওঠে বিমূর্ত কল্প
কোথায় থাকে – কে জানে !
হয়তো দিক নিশ্চিন্তি পুরের গ্রামে
রাখালের বাঁশীতে – ভৈরবী সুরে.
সেই বাঁশিতেই কল্প
বুঝি স্বপ্নময় ঘর করে –
চেতনা ও কল্প – মূর্ত না বিমূর্ত !
ছুঁয়ে যায় কি জোয়ার ভাঁটার সূত্র ?
এ প্রশ্ন তো সততই জাগে
কেন জাগে ! তার খবর কেউ কি রাখে !
রাখালের মেঠো বাঁশীর সুর, হিজল পাতার নৌকো
হয়তো সে খবর রাখে ।

**অঞ্জন চক্রবর্তী**

**অধ্যাপক, বর্ধমান বিশ্ববিদ্যালয়**

# Swami Vivekananda, India and the World

Professor Srikanta Chatterjee

## Introduction

This year, 2018, marks the sesquicentennial of a conference, known as the Parliament of Religions, which was held in Chicago in September 1893. A young unknown Hindu monk from India attended the conference and, in a brief and impromptu speech, asserted the eternal values of religious tolerance and universalism of the Hindu religion and the Hindu way of life. The monk was Swami Vivekananda (1863-1902), a leading figure of the Indian renaissance of the 19th century. His message had a profound effect at the conference itself and he emerged as a towering figure and a much sought-after speaker in America.

Swamiji is rightly regarded as one of the builders of modern India. Although Vivekananda's reputation is principally that of a philosopher and spiritual leader, his influence pervades many other aspects of India's national life, as this essay addresses briefly below.

## India's Long History: a Perspective

The advent of British rule, which started in Bengal in 1757, brought a degree of social and political stability to India after a long time. Over the next century, the British turned India into a single administrative unit. A consequence of immense significance which British rule had brought to India had been its imperceptible influence on the minds and hearts of India's intelligentsia. The ideas of European Enlightenment were like a breath of fresh air to the stale and fossilised social and cultural environment of the country. As British rule in India started in Bengal, with Calcutta as the capital, it was the Bengali elite who first experienced this transition. What has come to be known as the Indian Renaissance started in Bengal in the second half of the 18th century and gathered momentum through the 19th century. Raja Ram Mohan Roy (1772-1833) is regarded as the pioneering figure of this new age. The untiring zeal with which the Raja pursued his mission to modernise Bengal inspired a large number of young people to follow up on the works he had initiated in different fields of human endeavour. The 19th century saw the emergence of a whole galaxy of brilliant leaders whose works and messages gradually spread to the rest of India, and the old social order started to change noticeably.

## India's Cultural Resurgence

The changes alluded to above involved both an acceptance of the European ideas and also asserting belief in many of India's own age-old philosophical, religious and cultural traditions. The evident scientific and technological superiority of the 19th century Europe had caused Indians to feel a sense of inferiority. The work of the Christian missionaries in particular made the Hindu practice of idolatry and its many attendant rituals look distinctly out of place in a

'modern' society. Although conversion from Hinduism to Christianity was never large-scale, the Hindus' pride in their heritage did suffer a set-back. While the advances in the fields of language, literature, science, education and social reform achieved under the leadership of the renaissance stalwarts from Ram Mohun Roy to Rabindarnath Tagore were impressive, the Hindu religious and spiritual practices continued to face criticism as being outmoded and superstitious. To re-assert her rich spiritual and philosophical heritage India needed a champion who was proud of that heritage, without being conceited; one who had the intellectual conviction and ability to explain it to those who debunked it both within India and outside. In the person of Swami Vivekananda (1863-1902) India found that champion.

## Vivekananda's Early Life

Swami Vivekananda's real name was Narendranath Datta or Naren for short. He was born into a well-to-do professional family of north Calcutta on 12th January 1963. His father, Biswanath Datta, was a successful lawyer and a liberal, progressive man in his social and religious outlook. His mother, Bhuvaneswari Devi, was a pious woman of strong personality. Narendranath had wide intellectual interests and an alert mind. He studied widely in history, philosophy, religion, literature and other subjects. He trained in Indian classical music and was a good singer. From his childhood, Naren had a prodigious memory, and could learn and remember a subject easily and quickly. He had a good physique and was a capable athlete. He was always critical of social and religious practices such as caste distinction and untouchability. He wanted to be guided only by reason and proof. Naren attended the Metropolitan Institution, a school founded by Ishwar Chandra Vidyasagar.

After completing school, Naren joined the Scottish Church College (then called the General Assembly's Institution) and graduated with a BA degree in 1884. His favourite subject was history, but he was very widely read in Western philosophy and logic and the history of the European nations. He took a particular liking for John Stuart Mill and Herbert Spencer and regarded himself as an agnostic He even took a course in western medicine to understand the working of the nervous system and its relation with the spinal cord. This helped him later in life to explain the physical and psychic aspects of Yoga in a scientific manner. He was however on a spiritual quest to understand life and its purpose.

## Naren's Spiritual Quest and his Meeting with Shri Ramakrishna

His dislike for the ritual-based orthodoxy of the traditional Hinduism led him to join the Brahmo movement, which was a splinter group from mainstream Hinduism, led by such eminent Calcutta personalities as Kesub Chandra Sen and Devendra Nath Tagore. The Brahmo Samaj, as this movement came to be called, was opposed to idolatry. It espoused monotheism in line with the teachings of the Upanishads, the ancient Hindu philosophical texts. Naren was curious about the idea of god, and wanted to know if anyone had personally experienced god.

He asked some of the senior Brahmo Samajists if they had "seen god", but their answers did not satisfy him. He continued seeking the truth in an unhappy state of mind.

Meanwhile, a simple man of faith - a priest at a temple in Dakhsineswar, near Calcutta, named Shri Ramakrishna (1836-1886), had been attracting attention because of his unorthodox manner of practising religion and his rejection of ritualistic practices. An English professor of Naren's college, William Hastie, mentioned Ramakrishna's name while discussing Wordsworth's nature-mysticism. Hastie observed that such mystical experiences can be gained through deep meditation, adding that he considered Ramakrishna, whom he had met, to be one who had achieved such a state through concentration and pure living.

Naren's first meeting with Ramakrishna was at the home of Surendra Nath Mitra, a wealthy and influential Calcutta figure, who invited Naren to sing for his guests at his home. The guests included Ramakrishna. This was in November 1881 when Naren was just 18 years old. Ramakrishna exchanged a few words with Naren and eagerly invited him to visit Dakshineswar. Naren's first impression of Ramakrishna was one of scepticism and confusion; but he could not ignore the simple priest of Dakshineswar.

A few months later, Naren's cousin Ram Chandra Datta took him and a couple of other friends to Dakhineswar. Ramakrishna was ecstatic to see Naren, took him aside and told him that he had been missing Naren badly ever since their first meeting. Naren was, again, not sure how to take this strange man; his immediate reaction to such behaviour was one of bewilderment! But, later, this is how he recollected his experience:

*He [Ramakrishna] used the most simple language, and I thought 'Can this man be a great teacher'? - crept near to him and asked him the question which I had been asking others all my life: 'Do you believe in God, Sir?' 'Yes', he replied. 'Can you prove it, Sir?' 'Yes'. 'How?' 'Because I see him just as I see you here, only in a much intenser sense'. For the first time, I found a man who dared to say that he saw God, that religion was a reality to be felt, to be sensed. …… When I saw this man, all scepticism was brushed aside.*

While Naren was fascinated to watch Ramakrishna's ability to enter into different states of consciousness and to induce others, including Naren himself, into them, his rational mind could not accept Ramakrishna's worship of the idol of goddess (Mother) Kali. However, he continued visiting Ramakrishna, and learning from him.

In 1884 both Kesab Chandra Sen and Naren's father Biswanath Datta died within a month of each other. Naren experienced the most serious spiritual crisis, and decided to renounce the material life and follow the path of religious life, with Ramakrishna as his Master. By then he had observed the idol-worshipping priest proclaiming with complete conviction, 'যত মত, তত পথ' (as many pathways to god as there are faiths), the affirmation of non-sectarian belief which satisfied Naren's rational mind.

Ramakrishna himself died of throat cancer in 1886. Vivekananda had received many spiritual and psychic gifts in the form of extraordinary experiences from his Master. He was ready to explore his own ideas in the contemporary context of his motherland in a state of material destitution and spiritual confusion.

## Narendra Reconciles Reason with Religion

So, what was to be the aim of Naren's religious pursuit? Was its purpose to be his personal salvation? Naren had never been a believer in rituals or blind observance of some practices. He would insist on being guided always by rational judgement. How could he reconcile reason with religion? Again, he found the answer in the words of his Master that 'religion did not work on empty stomach'. The main point of Ramakrishna's teaching was that 'the service to man was service to god'. This accorded fully with Vivekananda's rational and practical mind, and he was ready to preach it to the world, and to put it into practice.

The misery and wretchedness of his countrymen made Naren determined to practise religion that helped deal with these practical problems. "I do not believe in a God or religion which cannot wipe the widow's tears or bring a piece of bread to the orphan's mouth", he observed. He found the answer to his quest for such a religion in the philosophy of *Vedanta,* which is one of the six Indian philosophical systems. Vedanta, based on the monotheistic idea of *Brahma*, the supreme godhead, teaches that religion is the manifestation of the Divinity already in man. It proclaims that *atman*, the Absolute Soul, is the only ultimate reality in the metaphysical sense. Since all objects are manifestations of god, serving fellow men, especially the poor, was the Vedantic way to practise religion for Naren. He called it 'Practical Vedanta'.

After Ramakrishna's death, the small group of his direct disciples had gathered to form a kind of a movement that was later to spread across India and the world to spread the Master's teachings, and, more importantly to serve humanity in need. Several of the young disciples took the monastic vows and assumed monastic names (ending with 'ananda' or bliss). All this was achieved under Naren's informal leadership, but he himself had not adopted a monastic name at this stage. The monks then set off on extended pilgrimages visiting the Hindu holy places all over India and living the monastic life. Naren too was travelling, usually alone, but sometimes with some of the other monks, using various assumed monastic names to hide his worldly identity. It was in 1892 that he came to assume his monastic name Vivekananda (one who has the bliss of spiritual discrimination), and Swami as the title. This name was apparently suggested by the Raja of Khetri, one of his major benefactors in Rajastan. His travels from the southern tip of India to the high Himalayas helped Vivekananda to perceive at first hand the enormity of India's social, economic and religious problems. It also helped him to chart the future path or the mission of the movement he was to lead.

## Swami Vivekananda in the West

In September 1893, a Parliament of Religions was being held in Chicago. Although most of its participants were Christians of different denominations, there were several Asian delegates representing some of the Eastern religions. Vivekananda (Swamiji) arrived in Chicago uninvited and penniless, but through a series of happy coincidences, he was able not only to attend the Parliament but also to speak. He started his speech with the words "Sisters and Brothers of America". This seemed to capture the spirit of the religious gathering, and it received a long and enthusiastic applaud. The Swami spoke a number of times on themes such as "The Essence of the Hindu Religion" and "Religion Not the Crying Need of India". He summarised Hinduism's basic teachings in a manner that was at once elegant and intelligible. He also mounted a spirited attack on the Western tendencies to distort Indian religious and social practices. He proudly asserted the "tradition of tolerance and universal acceptance" of the Hindu religion; recalled its history of granting asylum to the persecuted minorities such as the followers of the Zoroastrian faith and also the Israelites who had "come to Southern India in the very year in which their holy temple was shattered to pieces by Roman tyranny".

His dignified and inspired presence in the ochre garb of a *sannyasin*, his oratory in perfect English and his message asserting the essential similarity of all religions made him an instant celebrity. He chastised the Christian missionary's relentless mocking of Hindu idolatry by reminding them that "every man in Christian countries has a huge cathedral on his head, and on top of that a book". "The range of idols, he pointed out, is from wood and stone to Jesus and Buddha". He proclaimed with conviction that there was divinity in all men, that the Vedantist saw "no difference between ant and angel; that every worm was the brother of the Nazarene". And yet, this Swami was equally assertive in saying that "India's true need was not an alien religion, but food, medicine and financial assistance to cope with her massive problems".

Following the Parliament, he was so much in demand that Swamiji spent over two years lecturing at various places across the United States, interrupting his travels in America for a trip to England in 1895. His lectures on Vedanta and on religion generally were equally well-received in England. He gathered some disciples too, among them was Margaret Noble, the future Sister Nivedita who devoted herself to the task of helping the poor in India as part of the Ramakrishna movement. The Swami visited England a second time when returning to India in 1896. On this trip, he visited several other countries in Europe.

In 1896, Swamiji addressed a group of graduating Philosophy students of Harvard University. The University authorities were so impressed by his lecture and his answers to the questions which his listeners raised that they offered him Professorship of Eastern Philosophy. He declined the offer because paid work was not for him, a sannyasin. A similar offer from the Columbia University was also declined for the same reason. During his stay in the USA, he was able to found the Vedantic Society of New York as non-sectarian organisation for preaching and practising the principles of Vedanta and applying them to other religions. A similar

organisation was also founded in England. These have since developed into larger bodies, with branches in other parts of the America and Britain.

## Vivekananda's messages for India

Vivekananda himself learnt a lot from his travels in the West, and returned to India to tell his compatriots to "sit at their feet and learn their arts and industries". He castigated them for their bigotry and their backward thinking. "Go back to your Upanishads, the shining, the strengthening, the bright philosophy; and part from these mysterious things, all these weakening things". He mocked the narrow-minded attitude of his fellow Hindus "our religion is in the kitchen, our God is the cooking-pot, and our religion is "don't touch me, I am holy". His messages to India were those of self-reliance, individual search and effort, and compassion for the poor and the down-trodden. Above all, he preached fearlessness. "If there is a sin in the world, it is weakness; avoid all weakness, it is sin it is death", he told his countrymen.

This year, 2018, marks the sesquicentennial of Swami Vivekananda's celebrated address at the Chicago gathering of the leaders and representatives of different religions. As an unknown young man from a religion which had long suffered indignity, Swamiji left a lasting impression with his brief and impromptu address outlining the message of religious tolerance and universalism.



## Bengali vs. British: the Best of Both Worlds

Identity is distinctly individual and those of us growing up in a dual heritage household form our own by bringing the east to the west. However, there are different levels of integration amongst the population. Some of us embrace both Bangali and British culture while others limit themselves to one or the other. The conventional upbringing may involve growing up in areas containing larger populations of Indians, seeking similar friends and engaging in only traditional activities. Although it is not forbidden to engage in other activities, some who have grown up in this way often find that culture mixed ideas are a peculiar concept that take time to adjust to. On the other end of the spectrum, there are the 'coconuts' who are brown by race but white by behaviour, stripping themselves of our heritage. I am proud to be brought up in the category where my parents have helped me establish a delicate balance between both my cultures.

Growing up in a dual heritage household was very eye opening for me, as my parents are both Indian born and bred, while I am born and brought up here, so naturally their way of speaking English is different to mine. My parents always encouraged me to develop both Bangla and English since childhood. Ma conversed with me in English and Baba in Bangla, so interchanging between the two languages became second nature. My innate Bengali nature gave rise to my first word being 'Baba' and from this, I progressed. As I grew older, my parents and I established a symbiotic relationship of language teaching. Once my English was established through watching TV, reading, practicing at school and speaking with my parents, they taught me higher-level Bangla phrases and vocabulary. In return, I began to teach them the correct diction of English, which I had picked up from the world around me, so that they would be able to speak correctly to their colleagues. Another contributing factor to learning both languages simultaneously were our annual trips to India and here, I made a point of only speaking Bangla. A rather droll aspect of being a bilingual child is the confusion of my school friends. To their utter bewilderment, whilst in their presence, I always chattered in a fluent stream of Bangla to my parents. It was rather entertaining to watch their faces scrunch up and display their thought of 'is she saying something bad about me?'

Despite going to a school where all my friends, teachers and the majority of students were white, I had a positive schooling experience and did not face racism issues. Everyone I knew embraced my culture as much as I do- to the point where many of my friends also adopted the use of my daak naam, Treya. They loved me in saris as much as in jeans and numerous times, my friends pressed me to invite them to my future wedding, so that they too can don our attire. My teachers greatly appreciated Bollywood movies and as much as we discussed Hollywood, the last 10 mins of music class was always devoted to conversations about Bollywood. Halfway through high school, my friends developed a taste for our songs. There were occasions where teachers walked in on us crashing to the floor, having jumped from the tables on which we had been dancing to Sheila ki Jawani- apparently 'the best song' my friends had heard at the time. It occurred again when we began driving too; on group trips in a car, Kala Chasma was often on repeat by popular vote, while we made the outward journey and on the return we'd be rapping to Drake or Kanye. Thus a delicate balance between the two

cultures was kept. On the other hand, many of my Kolkata friends act more western and shred themselves of many of their Bangali values, thus being the 'coconuts' in my life. Their longing to live a western life, similar to us is a cause for astonishment upon seeing me come from the UK, complete with Bangali values, mannerisms and attire. My Indian friends here are a pleasant mix of coconuts and 'browns'. While some of my Kolkata friends seem to think I am 'more Bangali' than they are, my British friends enjoy their 'temporary conversion' to my culture whilst with me.

Although all my friends welcome me anywhere and anytime, there is a marginal difference in 'feeling at home' in a fellow Bangali's house as opposed to a British person's house. My parents have taught me courtesies that still subconsciously exercise control over my P's and Q's with my friends' families. Additionally, I have the typical bangali values instilled in me; such as seeking elders blessings upon arrival somewhere. With British gatherings, it's eating controlled amounts while engaging in small talk whereas bangali gatherings involve aunties ushering everyone to have 'ar ektu' even after 5 huge courses, with rounds of roaring adda in between, followed by chai after dessert. British gathering endings are short and pleasant, whereas the typical bangali departure, taking over 1 hour involves 'cholo, we're leaving, pore dekha hobe' only to be shouted over the racket multiple times but a little closer towards the exit with each repetition.

Throughout my life here, for four out of seven days in the week, my parents and I ate Bangali food, ranging from shorshe chingri, deem-er dalna and bangali chicken and aloo'r jhol to a range of vegetable preparations accompanied by rice or roti. This didn't prevent me from having pancakes on Pancake Day. From Friday to Sunday, my mom cooked dishes from a variety of cuisines beyond English; i.e. Mexican, Chinese and Spanish but to name a few. In this way I was aware of all food and acquired rich taste buds. For this, I regularly reminded my friends and teachers that school pouring a jar of Patak's sauce on chicken did not make the true Tikka masala that they raved over. Equally, they taught me the correct differences between Cottage, Shepherd's and Admiral pies. Although Hindus don't tend to eat beef, my parents were liberal with what I had but I still chose to go without beef. If beef was on the menu at school, my friends would come out with me and likewise, when food they wouldn't eat was on the menu, I would accompany them into town for lunch. They marvelled at the fact that I could eat chicken curry with cutlery in school yet eat the same thing at home but with my hand. Moreover, the spice filled Bengali cuisine lets me handle a 'hot' Nandos without batting an eyelid, while my friends fight back tears brought on by Lemon and Herb, much to my amusement.

I am very fortunate to have been able to celebrate the festivals of both India and England through my upbringing. It meant that from birth, the dark autumn months were brightened by Durga Puja annually and I grew to call Puja bari my second home. It also meant that I saw a decorated house and tree, for most of December and I would find presents underneath the

tree on Christmas day. I am fortunate that my parents met my now godparents on holiday. They are English but they respect our heritage as much as we do theirs. My godfather had a small Christmas tree that had been passed down his family for generations. I was honoured 5 years ago when he extended his heritage to me by presenting that tree to me at Christmas, despite having many grandchildren of his own. I also am happy to have the ability to sing all carols at Christmas time yet chant our mantras while giving Anjali. In childhood my friends taught me certain Christmas traditions but when we were older, they listened in awe to tales of Puja and our vast number of gods and goddesses. In early spring, while I observe lent for 40 days, the festival of Holi occurs. It is intriguing how the concept of Holi has inspired the now worldwide events of colour run, which involves participants running 5km for charity whilst being splashed with colours every 1km. It demonstrates the profound effect of our culture on society. Contrastingly, Lent has enabled me to give up many of my favourite but unhealthy things such as ketchup, sausages and cakes, while teaching me the importance of perseverance. So from both cultures, there is a lesson to be learned. Late spring always brought the arrival of my dance school shows and Nababarsha. Every year, I immersed myself in simultaneously learning multiple ballet and modern routines while self- choreographing Indian dances to be performed. Bengali and British festivals share the same beauty in that they're connected with a religious tale but the festivals are bound by laughter, colour and activity.

Being a British Indian enabled me to overcome cultural conflicts and unite them - keeping traditions alive and gently challenging those that are archaic. It is sustaining my heritage in a foreign land. It's taking gifts from here to India but bringing back tubes of boroline for myself. It's being overly courteous to guests while shouting down the phone to relatives. It's learning colonial history at home but the Tudors at school and telling Christian fables but recounting tales of Mahabharata. It's the freedom wearing a long gown or a sari or whether I communicate in Bangla or English. It's the option of both alcohol and lassi. It's opulence in history, language, literature and ways of life. It's vigour and flexibility, open-mindedness and tolerance. It's being a global citizen from one place while retaining the culture of my roots. I am neither fully British, nor fully Indian but I can proudly say that I am a winning combination of the two because being British Indian is truly a blend of the best of both worlds.

**Diyotima Datta**

**From the puja kitchen: This year's special** - **Achari chicken** Indrila Ghosal

**Ingredients**:
Chicken with bones 750 grams (approx.. cut into 8 pieces)
Bhavnagri chillies 250 gms
Onion 3 medium
Ginger garlic paste 1 tbsp
Yogurt 1/2 cup
Mustard seeds 1 tsp
Fenugreek seeds 1/4 tsp
Fennel seeds 1 tsp
Black onion seeds 1/2 tsp
Dry chilli 2-3
Coriander seeds 1/2 tsp
Coriander powder 1 tbsp
Turmeric 1/2 tsp
Salt to taste
Sugar 1/4 tsp
Red chilli powder to taste
Mustard oil



**Method**

Step 1

Coarsely grind Mustard seeds, Fenugreek seeds, fennel seeds, Black onion seeds, Dry chilly and Coriander seeds together and the Achari masala is ready. Keep aside.

Step 2

Slit the chillies and remove all the seeds (you can leave some seeds on to get the kick).

Step 3

Marinade the chicken and the chillies together with yogurt, 1/2 of the Achari masala, 1/4 tsp turmeric powder, salt to taste and 1tbsp mustard oil and refrigerate it for at least 2 hours.

Step 4

Dice the onions. In a non-stick pan add oil and fry the onion till it becomes transparent. Add a pinch of fenugreek seeds in between. Now add the marinated chicken and chillies, stir for few minuets and add the remaining achari masala powder, coriander powder, add salt to taste, chilli powder, and ginger garlic paste. Stir well in low flame. Now cover and pan with a lid and cook in low flame until the chicken becomes tender.

(Try to avoid using water but if it becomes too dry at the bottom then splash a little water)
When the chicken is almost cooked add sugar and cook for another 2 minutes, mix well and drizzle some oil on top. Garnish with coriander leaves.

## বিষাক্ত জীবন

ক্লান্ত রাত্রির ফেলে দেওয়া উচ্ছিষ্ট সকাল
উঠেই ঘুম ঘুম ভাব ,
নষ্টনীড়ে পড়ে থাকা বিছানা ,
অ্যালকোহলের তীব্র গন্ধ,
প্রাণ ওষ্ঠাগত।

তবুও বাঁচতে হয়,
নাহলে আরেকটা প্রাণ
ঝলসানো মাংসপিণ্ডের মত
চলে যায় আদিমতার গহ্বরে।

এখনো অনেক রাত বাকি,
সূর্যপোড়া ছাইয়ের আগুন
ছড়িয়েছে দিক্-বিদিক্
একটু অসতর্ক হলেই –
জ্বালিয়ে দেবে তোমার শরীর।

**দীপঙ্কর মণ্ডল**
**অধ্যাপক, ঝাড়গ্রাম রাজ কলেজ**

### অভিমানী মনের কথা–সুদীপ্তা সামন্ত

**কবিতা-১**

আজও এ মন দেখে তাকে
বন্ধ চোখে আয়নায়
তবু কেন উদাস সে হয়
বিসর্জনের বাজনায়....

আর্শি ভেঙে মুছেছি চোখ
পারদ মাখা হাতে...
ঝাপসা হল মোমের আলো
কি বা গেল তাতে...

ভাল থাকার রুপোর কাঠি
হারিয়ে খোঁজে যে জন
দুখখ বিলাস পাখির সাথে
করবে কুহূ কুজন

**কবিতা-২**

,কথাগুলো তোকে ছুঁতে চায়
ঝিরিঝিরি ,ব্যাথাগুলো উড়ে উড়ে যায়...

আসবি কি বল?
মন ছলছল
ভাবনার তালে তালে
সুখের মাদল...
মেঘমললারে যেন তার রেশ থেকে যায়....

অভিমানী বাহুপাশে
বেহিসাবী মন হাসে....
তিরতির , তিরতির শিহরণ শুধু বয়ে যায়

ফিরে আসা ভালোবাসা
পালকে পালকে ভাসা
মন নদী আজ পাল তুলে দূর- সুদূর ধায়...

## ∞ नमन ∞

सौ कोटिक चँद्र दिवाकर की
तेरे मुखड़े पर है ज्योति
तेरे कदमों की आहट सुन
पृथ्वी खुशियों को संजोती

हो मस्त-मगन तेरी पायल की
रुनझुन को श्रवण करूँ मैं
निस दिन नमन करूँ माँ तुझे
निस दिन नमन करूँ मैं

निर्मल आँचल देवी माँ का
है जिसकी सुर्ख छटा प्यारी
माँ की मुस्कान की आभा से
पुष्पित हो उठी धरा सारी

वात्सल्य भरा मुस्काता चेहरा
नित अवलोकन करूँ मैं
निस दिन नमन करूँ माँ तुझे
निस दिन नमन करूँ मैं

by Sangeeta Rana

# Flower of Bengal- ‘Kashful’, an eternal beauty of Durga Puja

In India most talked and distinguished feature is its culture of celebration. Indians believe in mythology and its utmost power over mankind. Our mythology depicts good force in a shape of deity that curb all the evil force in the end. There are different culture arrangements even among the Indians. For example, people of west bengal have a different culture from Punjab, whereas there some basic unity of culture in Assam with West Bengal.To elaborate, you can recognize a Bengali person anywhere in this world in their dialects, creativity, beauty and above all their love for Durga Puja. Durga Puja is celebrated mainly in West Bengal, Assam and Tripura in India in the autumn season around the time end September to starting of October regarding the tithi of that particular year. All over India it is called as ‘Navratri’. But in these three states they call it Durga Puja. But in a word we can say where there is Bengali, DurgaPuja and its culture prevails.

Talking about Durga Puja, we must delineate the significance of ‘KashFul’ surrounding this auspicious festival. Kaash flower brings the news of coming of MaaDurga. It makes autumn more and more beautiful than ever.Bengalis depict ‘kashful’ in so many poetries, novel and even short stories. Nobel laureate Rabindranath Tagore sketched in his poetries, songs how flower ‘kaash’ brings in essence of durga puja in bengali life after a tiresome year. He expressed, “AjiSarataPrabhate/ KashFulerMadhuraGondhe...” He said how those who lives in abroad long for coming home. Satyajit Ray’s path breaking book as well film ‘PatherPanchali’ plotted around newly grown kaash that indicated the life of a two siblings - Apu and Durga. For the movie India bagged Oscar for the first time. In this film Ray showed how new white cast of kaash change the atmosphere, its air. They are evidence of upcoming Durga.

Not only literature, flower kaash bears a strong mythological indication. Flower of Bengal is mark of upcoming Durga Puja. It is noteworthy that invoking of Maa Durga is incomplete without the arrival of the flower. In India this flower only grows in autumn and according to mythology for the first time in autumn season Lord Rama invoked Devi Durga to help him to destroy the evil Ravan and bring back Sita. This sudden and unexpected invocation of Devi Durga is termed as ‘Akal Bodhon’. Eventually this ‘Akal Bodhon’ became the ritual and every year people celebrate Puja.

As the autumns ends on a sad note with the departing of Devi Durga from the mundane world, the white cast of flower of Bengal disappear slowly. We wait for a new year, new beginning. We long for kaash and think when will they come with all their beauteous form and swipe away all our stress, depression of the complete year and rejuvenate our soul with her white aura that actually symbolizes peace and love in our heart.

This longing of soul is never ending, love for land and its culture.

Dr. Sohini Sastri
Kolkata (India)

**A stranger looking in on Puja festivities**

I have never been to this place before
It was a big hall with a large double door
Once inside it looked so dark and bare
Everyone took on tasks with special care
Chairs were placed in rows of about ten
Then the dressing of the stage area began
Red and gold curtains were hung all around
Five sacred gods were placed on the ground
For this procedure, shoes were removed
Respect for the gods was fully approved
When all was done amidst the flooded light
The whole creation was a wonderful sight
As the morning progressed, ladies placed flowers
They also cut fruits, which went on for hours
Some of the people were preparing the meal
The cook in his kitchen with veggies to peel
Most of the work done, when all was at ease
Good Dr Rana brought out biscuits and teas
Meanwhile in the kitchen dinner was cooking
Families arrived with the tickets and booking
The priest lit some candles, prayers and chanting
Drums were being beaten to moaning and ranting
The pans in the kitchen were getting quite hot
I thought to myself, who will eat all this lot

Back to the hall, more families filed into the room
The room came alive to splendor far from gloom
With the meals all set out in big pans on tables
Plates at the ready, servers ready with their ladles
A large queue had formed with all the hungry folk
Coloured food, green, white, brown and like egg yolk
All chopped and peeled mixed with herb and spice
The coloured food on plates looked so very nice
A table was prepared with jugs, cups and cold water
They drank it down; mother, father, son and daughter
Faster and faster the cups of cold water went down
I thought at this rate they will surely dry out the town
Then the food is taken away, the music and the drums play
With the families seated or standing all around
More prayers, more candles lit on the floor and ground
When all is finished and the goodbyes are said
They will soon go home to their house and bed
In the back rooms work goes on till very late
Cleaning, washing every pan, dish, tray and plate
With the kindest, smiling people, I have ever met
Say “come back tomorrow, it is not over for you yet”

**Frank E Trickett**

प्यारा झूठ

मेरे घर मैं मेरे दो किराएदार हैं

एक झूठ जो की बड़ा ही मीठा , चंचल , रंगबिरंगी पौशाक पहने , मुझको अक्सर भाता है

दूसरा वो सच जो की नंगा , कड़वा ,बड़ा boring है , उससे मेरी मुलाक़ात कम ही होती है

झूठ के क्रीम ,पाउडर ,काजल ,ख़ुशबू से पूरा ब्यूटी पार्लर चलता है

सच तो बस श्रिंगार मिटाता, झुर्रियाँ , धब्बे दाग़ दिखाता है

झूठ के कही सखी -सखा हैं , रात को पार्टियाँ चलती हैं

सच का एक ही दोस्त है वो मुँहफट दर्पण

आज तो इस सच ने हद ही कर डाली , मुझे मोटा पेटू कह डाला

आज मैंने इस निराशावादी को धक्के मार घर से निलाक डाला

अब मेरे दोनो कमरों में बस झूठ ही रहता है , रोज़ पराँठे खाता हूँ फिर भी वज़न मेरा गिरता रहता है

Ravi Dimri



<u>শাইকু</u>

ভোরের বেলা ভাবছিল ভোর
আকাশ জুড়ে একা,
অনেক বছর জুগিয়েছে দিন
হয়নি তো - রাত দেখা.
রাত - সে কেমন?
কেমন যে রং?কেমনটি তার রূপ?
কেউ বা বলে স্বপ্ন আধার
কেউ বা আঁধার কূপ.
তবুও যে ভোর -
প্রশ্ন - বিভোর,
ব্যাকুল - রাতের - সঙ্গে,
রাত তবু আর হয়না দেখা -
আঁধার - আলোর - রঙ্গে.
রামানুজ সেন,
নাভি মুম্বাই,
ভারতবর্ষ,

রামানুজ সেন



# Paradise Praslin Island, Seychelles  by Arghojit Giri (Ron)

I was so excited before travelling. I expected Seychelles to be gorgeous, beautiful and lovely.

The start was however disappointing as our flight got delayed due to technical problems. Nevertheless, it was a good flight and I slept all throughout. I was finally relieved when we got the connecting flight to Praslin irrespective of the delay.

It was a short flight amongst a mesmerising beauty of nature. We stayed in a small chalet on the Grand Anse beach. I was so happy.

We took a long stroll on the beach through white powdery sand and gentle sea waves. We saw birds, fishes and coconut trees. We took photographs near the sea. It was fun.

Next day, we rented a car and drove through the mountainous part of the island. It was pretty but scary.  Then, we reached the Ferry area which appeared to be a dreamland with green mountains kissing turquoise sea water, scenic green islands and unbelievable tranquillity. Next, we went to a river bridge which was spectacular with green river water amid extraordinary scenic surroundings. We spent the rest of the day at Baia St Anne and Cote d'Or beaches; both with "out of the world" beauty. Next day, we drove through Anse Boudin and Anse Possession on our way to Anse Lazio. It was a cute little sandy beach with lots of sun seekers and swimmers. We spent the afternoon at the golden coast (Cote d'Or) where I swam in crystal clear water alongside other teenagers. The day ended with breath-taking sunset at Grand Anse beach.

The next day started with colourful and musical birds sharing breakfast with us in the beachside veranda of the chalet. We then went to the jetty to catch the ferry on our way to La Digue island. The ocean was rough, but the surroundings was picturesque.

Praslin was one of the most beautiful places I have ever seen in my life. I shall cherish my memorable moments in the island for many years to come.




Ron is a non-verbal autistic 13 year old who communicates by pointing at letters or typing.

Photographs: by Dr Prosenjit Giri

## শরতেরখেলা

শুরু হলো শরতের খেলা
চারিদিকে রং বেরংএর আহামরি মেলা
প্রকৃতি গড়িয়ে পড়ে শরতের মোহে
লাল, সোনালী ও হলুদের সমারোহে

শুকনো হাওয়ায় গা এলিয়ে এদিক ওদিক চেয়ে
নাচতে নাচতে ঝরছে পাতা যেন চঞ্চলা মেয়ে |
পুরানো সব পাতাগুলো পড়ছে ধরার পরে,
চলার পথে লোকের মনে দিচ্ছে আনন্দ ভরে|
করুন মুখে গাছেরা সব দিচ্ছে ওদের বিদায়,
বসন্তেতে সাজবে তারা নতুন সবুজ পাতায়|

## বিনপর্ব

জর্জ ডব্লিউ বুশ,
বিন ধরতে দিল অনেক ঘুষ |
আফগানিস্থানে বিনকে পারলো না বুশ ধরতে,
শেষে বিন গেলো পাকিস্থানে মরতে |
বুশের পর এলো বারাক ওবামা,
তাতে বধ হলো বিন লাদেন ওসামা|
শুনে রাজনীতি কথা
হবে কি তাতে তোমাদের মাথা ব্যাথা?

## ও ডি- আইকীর্তন

অবশেষে হলো শেষ,
ক্রিকেটখেলা ছিলবেশ|
রাম রাবনের ব্যাট- বলের রেষারেষি,
ওয়াংখেড়ের মাঠে সবাই হলো খুশী|
মাহেন্দ্রসিং ধোনি "মিস্টারকুল",
শেষ খেলায় খেললো নির্ভুল|
করলো বাজিমাৎ
শেষ বলে মারে ছয় হঠাৎ|
শচীন তেন্ডুলকর,
চারিদিকে তার জয়জয়কার|
সিং যুবরাজ,

**ও - ডি- আইতে দেখালো তার ব্যাট- বলের কাজ|**

তারই মাঝে গৌতম গম্ভীর,
ঠিক সময় যে রেখেছিলো মাথা স্থির|
ছিল সাথে সঙ্গকারা, মালিঙ্গা আর মুরলীধরণ,
রথীমহারথী সব, তবুও হলো শ্রীলংকার পতন|
আমার লেখা এখন ফুরালো,
ক্রিকেট গাছটি মুড়ালো|
ক্রিকেটএর কথা অমৃতসমান,
শরদিন্দু মিত্র লেখে, পড়ে পূন্যবান|

**শরদিন্দু মিত্র**

# ভাষা তুমি কার!

## Amit Guha

হাজার হাজার বছরের এই বিস্তৃত সময়পটলে ভাষা পৃথিবীর মানুষ কে দিয়েছে এক নতুন স্বাদ ---- নতুন ব্যঞ্জন, প্রস্তর যুগের মূক পৃথিবী প্রবেশ করেছে শব্দের মেখলায়! "নানা ভাষা, নানা মতের" এই পৃথিবী তে বাংলা ভাষার স্থান ঠিক কোঁথায়, তারই তত্ত্বতালাসে আসুন লেগে পড়া! কবির ভাষায় "মোদের গর্ব, মোদের আশা -আ মরি বাংলা ভাষা" র জন্ম, তার ক্রমবিবর্তনের ইতিহাস এ চোখ রাখলে এর বাহ্যিক ছটা আমাদের চমৎকৃত করে! মূলত গুপ্ত সাম্রাজ্যের (খ্রি 320--550) শাসন কালে অধুনা বাংলা ছিল সংস্কৃত ভাষার এক উল্লেখযোগ্য পীঠস্থান!

মগধের শাসনাধীন এই বাংলা এ ওই সময়ে ছিল ইন্দো-আর্য ভাষার চল, যা কিনা মাগধী-প্রাকৃত ভাষা হিসেবে পরিচিত ছিল! ধীরে ধীরে তা পরিণত হলো অর্ধ-মাগধী অপভ্রংশতে --অন্যান্য চলিত ভাষার প্রভাবে আলোকিত হতে! এর বিস্তৃতি স্থায়ী হয় খ্রি দশম শতাব্দী পর্যন্ত ---- আসলে আমাদের এই কথ্য ভাষা টির আদিরূপ খ্রি 10-12 শতকে মাগধী এবং সংস্কৃত রূপ থেকে বাংলার রূপে তার আকার লাভ করতে থাকে! পূর্ব-গোলার্ধের অপভ্রংশ রূপ যা "অবহট্ট" ভাষা হিসেবে প্রচলিত ছিল তার ছিল তিনটি ধারা---বাংলা-অসমীয়া ভাষা, বিহারি ভাষা এবং ওড়িয়া ভাষা! এই নিয়ে কিন্তু নানা মুনির নানা মত! কেউ বলেন এই ট্রান্সফরমেশন বা বিবর্তন খ্রি 5 ম শতক থেকেই শুরু হয় যায়; প্রথম ধারার মিল আজ ও আমরা খুঁজে পাই বাংলা-অসমীয়া-মনিপুরী হরফে! অর্ধ-মাগধী হতে অবহট্টের বিবর্তন ই বাংলার জন্মের সূচক বলা যেতে পারে --যদিও এই পঞ্চম -ষষ্ঠ শতকে তার বাস্তব আকার নেয় সেন এবং পাল শাসন কালে! আদি মূল বাংলার সূচনা মোটামুটি তখন থেকেই! বাংলার জয়যাত্রা শুরু হয়েছিল "চর্যাপদ" দিয়ে লিখিত বাংলা হিসেবে এই সময় ই!

মধ্য যুগ (খ্রি তেরো-সতেরো) বাংলা ভাষার কাঠামো গড়নে, ভাষার বলিষ্ঠতার রূপে পরিবর্তনের সময়; আরবি-ফার্সি র অনেক মিশ্রণ বাংলার সাথে ঘটে চলেছিল নিঃশব্দে! বাংলা আত্মপ্রকাশ করে সবচেয়ে বেশি ব্যবহৃত ভাষা হিসেবে---বাংলার সুলতানদের শাসন কালে! মূলত এই সময়ে ব্যবহৃত বাংলা আরবি এবং ফার্সি অলংকারে সেজে চলছিল----- বরু চন্ডিদাসের পদাবলী "শ্রী কৃষ্ণ কীর্তন" এই সময়ে রচিত হয়!

আধুনিক বাংলার উত্তরণ আঠেরো শতক থেকেই পরিলক্ষিত হতে থাকে মূলত নদীয়া তার মূলাধার! বিবর্তনের এই ব্যাপ্তিতে বাংলার সাধুরূপ তার স্বরূপ পেয়েছে অনেক আঞ্চলিক এবং বিদেশি ভাষার সঙ্গে মিশ্রনে ! সাধু ভাষা লিখিত ভাষা হলেও এর এক চলিত রূপ ছিল ভাষা বা কথ্য ভাষা হিসেবে আত্মপ্রকাশ করতে থাকে !

আঠেরো শতক বাংলার শিখরপ্রাপ্তির চরম সময় কেননা বাংলার রেঁনেসাসএর সূত্রপাত এবং তদানীন্তন বাঙালি মনীষী,লেখক,শিল্পীর এক স্রোতধারা,যাদের বিচ্ছুরণে বাংলা তার আধুনিক আকার লাভ করতে থাকে !

1948 সালে পাকিস্তান সরকারের উর্দু কে রাষ্ট্রভাষা করার চেষ্টা " বাংলা ভাষা আন্দোলনের" সূত্রধার------দমকা হওয়ার মতো তা ছাত্র সমাজে এক আলোড়ন আনে, উদ্বুদ্ধ করে ভাষার সম্মানে পশে দাঁড়ানোর, বাংলা ভাষা কে পূর্ব পাকিস্তানের জাতীয় ভাষা হিসেবে স্বীকৃতির দাবিতে! 21 শে ফেব্রুয়ারী, 1952 তে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যে অকল্পনীয় ঘটনা ঘটে তার স্মৃতি বাঙালির কাছে অমলিন! আজ এই দিনটি পৃথিবী ব্যাপী মাতৃভাষা দিবস হিসেবে চিহ্নিত এবং উজ্জাপিত!

বাংলা ভাষা আমাদের প্রাণের ভাষা---আমাদের গর্বের ভাষা! ভারত -বাংলাদেশ এই দুই রাষ্ট্রের জাতীয় সংগীতের ভাষা বাংলা, সিয়েরা-লিওনের জাতীয় দ্বিতীয় ভাষা এই বাংলা এবং পৃথিবীতে সর্ববৃহৎ কথ্য ভাষার বিচারেও এগিয়ে এই ভাষা! ভাষা বৈচিত্রে, তার গভীরতায় বাংলা অপরাজেয়-------পরিশেষে বলতে হয় "হাজার বছর পেরিয়ে এসেছো তুমি, দেখিয়েছো তোমা মাঝে মাতৃ রূপ,

রক্তস্নাত মাটিতে দিয়েছি আল্পনা, তোমার চিহ্ন ই আমার প্রাণের স্বরূপ"!!!

# *****যাযাবর*****

**Amit Guha**

দীঘির পাড়ের পূর্ব কোণে যেখান থেকে চৌধুরীদের আমবাগানটা শুরু হয়েছে তারই একটা গাছের ছায়ায় সাময়িক আস্তানা গেড়েছে ওরা---মানে একটি যাযাবরের (বেদে) দল, সাকুল্যে জনা সাতেকের ! আজই আবিষ্কার করলাম ওদের জমায়েত ! বর্ষা যাবো যাবো করেও বিদায় নেয়নি এখনও ---তাই ভরা দীঘিতে দাপানোর আনন্দটার লোভে সুকুর কলাগাছের ভেলায় চড়ানোর ইচ্ছেটাকে আত্মস্বাত করার জন্যই যেন হাজির হয়েছিলাম দীঘির পারে---গুটি গুটি পায়ে ! সুকুর টিকিটিও চোখের ত্রিসীমানায় নেই ----হয়তো কলার কাঁদি কাটার পরে কলা গাছের গোড়াটা এখনো জোগাড় করে উঠতে পারেনি, জানতে পারলে মধু জেঠু মানে ওর বাবা আর আস্ত রাখবে না খোড়ের এই দশা দেখলে ! সুকু ও ঢ্যাঁড়া---ব্যাটাচ্ছেলে চ্যালাকাঠের বাড়ি খেয়েও আমডালে বসে লবন মাখিয়ে আমড়া খায় ! ওর তালে পড়ে মটরশুঁটি চুরি করতে গিয়ে ধরা পড়তে পড়তে বেঁচে ফিরেছি---কাকভোরে উঠে খেজুরের রসের হাড়ি পাড়তে গিয়ে গাছের মাঝ থেকেই লাফাতে হয়েছে ---তারপর সাতদিন বাড়িতে,পা ফুলে ঢোল ! ঠাম্মির গজ গজ আর পায়ে চুন-হলুদের লেপ--- সুকুর এই ডানপিটেমিই ওর প্রতি আমার আকর্ষণের একটা প্রধান কারণ---হয়তো অজান্তেই দুজনে দুজনকে ভারসাম্যে রেখেছে, আর "ভালো ছেলের" একটা তকমা লাগিয়ে আমি সুকুর দস্যিপনা গুলিকে দিব্যি সামলে চলেছি! বাতাস নেই---নিঃশ্বাসে মাটির ভেজা গন্ধ, আরেকটি গন্ধ নাকে ভেসে এলো--- জ্বলা পাতার ধোঁয়ার ! আমগাছ বেয়ে একটা ধোঁয়ার সিঁড়ি আকাশের দিকে পাড়ি দিয়েছে,পুকুরের এপার থেকে ওপারের জীবনশৈলীর ছবি পরিষ্কার দেখা যাচ্ছে ! একটু এগিয়ে গিয়ে একটা ঝোপের আড়ালে নিঃশব্দে ওদের জীবনটা দেখার লোভ যেন আর সামলানো গেলো না ! একটি মাঝবয়সী মহিলা ইটের তৈরী উনানে পাতা জ্বালিয়ে --হয়তোবা ভাত রান্নায় ব্যস্ত, কালচে হাঁড়ির ঢাকনা মাঝে মাঝে ফুলে উঠছে, সামনে পাগড়ি পড়া একজন বেশ একটা লম্বা ছুরি দিয়ে আধা ভেজা ডালগুলিকে কেটে কেটে মহিলার দিকে এগিয়ে দিচ্ছে ! দুটো বাচ্চা,একটি ছেলে ও মেয়ে,মেয়েটিকে মনে হলো বড়---একটা তুবড়ে যাওয়া বল নিয়ে লোফালুফি খেলছে--- ওদের এই হুটোপুটি দেখতে দেখতে হঠাৎ চোখ পড়ে গেলো একটু দূরে,ঘুমন্ত এক জোড়ার দিকে --তাদের ঠিক মাঝে গাছের দল থেকে একটা দোলনা ঝুলছে, মহিলা টি সম্ভবত জাগা,মাঝে ,মাঝে দোলনাটাকে দুলিয়ে দিচ্ছে ---বোঝা গেলো ওটা বাচ্চার দোলনা ,ঘুম পাড়ানোর কল ! খুব নিবিষ্ট হয়েই দেখছিলাম ওদের কার্যকলাপ, হয়তো বা মনের মধ্যে বয়ে চলছিল প্রশ্নমালার ঝর্ণা--ওদের জীবন,ওদের ভালোলাগার খুঁটিনাটি, কিভাবে এই ছন্নছাড়া- বেপরোয়া একটা জীবন ওরা বেছে নিলো, এই কুপমুণ্ডুক সর্বস্ব সময় বাঁধা 'সুখী গৃহকোণ' ছেড়ে একটা অনিশ্চিত পথে চলেছে ওরা !

-সম্বিৎ ফিরলো পেছনে বিছিয়ে থাকা পাতা,ডালের অস্পষ্ট ভাঙার শব্দে----মুখ ফিরিয়েই স্থানু হয়ে গেলাম, সামনে আমার সেই মেয়েটি,একটু ময়লা হয়ে যাওয়া ঘাগড়ার নিচ থেকে খালি পা দুটি দৃশ্যমান, শুকনো অবিন্যস্ত চুল ঝুটিতে বাঁধা,"কখনোছিলো লাল" একটা ফিতে দিয়ে ! ভাইয়ের মুখটা উঁকি মারছে ওর কোমরের পাশ দিয়ে, এতো কিছু আমি দেখলাম কি ? নাকি শুধু দেখলাম একটা মুখ,অযত্নে লালিত-- সুন্দর একজোড়া নীল চোখের অধিকারিণীকে ! ছাড়া ছাড়া মেঘ আকাশে --তার মাঝ থেকে সূর্য্যের উঁকি, আর এদিকে মেয়েটির ছায়ায় ঢাকা মুখের ওপর আলোর তীর তীর করে কাঁপা, বাংলা বইয়ের 'কপালকুণ্ডলা'র অন্ধকারের মাঝে ভেসে আসা কথা মনে পরে যাচ্ছিলো---মনে হলো এক্ষুনি বলে উঠবে " পথিক,তুমি কি পথ হারাইয়াছ" ?কিন্তু এমনতো কিছুই ঘটলো না---মেয়েটি আমাকে পাশ কাটিয়ে ঝোপ থেকে বলটা কুড়িয়ে নিলো আর দুই ভাই-বোনে গাছের ফাঁকে অদৃশ্য হয়ে গেলো !!' কিরে---করিস কি এখানে,তরে খুইজা আসলাম ঘাটে",সুকুর রাগত স্বরে ঘোর কাটিয়ে উঠলাম !একটা অবসাদ ঘিরে উঠলো আমার মধ্যে, ওই কয়েকটি মুহূর্তের অভিজ্ঞতার রেশ আমার ভেলায় চড়ার খুশিটাকেও ঢেকে দিলো --- কিন্তু সুকুকে বলতে পারলাম না, বরং কিছু না বলেই বাড়ির পথে হাঁটা দিলাম,গায়ে কাঁটা দিয়ে উঠলো--মনে হলো যেন ওই নীল চোখের দৃষ্টি আমার পিঠে লেগে রয়েছে যেন ; তাড়াতাড়ি পা চালালাম,স্কুলের সময় হয়ে এলো ;আজ কুয়ার জলেই স্নান করতে হবে !

ঠাম্মির বকা-ঝকা পাত্তা না দিয়ে নাকে-মুখে গুঁজে স্কুলের পথে হাঁটা দিলাম, টইটম্বুর খালের উপর বাঁশের সাঁকো--একজন অতি সন্তর্পনে তার সাইকেল পার করছে, জলে এক ঝাঁক হাঁসের হুটোপুটি, কচুরিপানা ইতস্ততঃ ভেসে বেড়াচ্ছে! আমার পথ আর শেষ হয় না--আজ আর আমার স্কুলে সময়ে পৌঁছানো হবে না, যাযাবরের অনিশ্চিত পথ তো নয়,এতো সময়ের নিক্তিতে বাঁধা জীবনচক্র, আজ কপালে লেখা ক্লাসের বাইরে নীলডাউন ! তাই অনিশ্চিততাকেই বেছে নিলাম--খালের পার ধরে হেঁটে চলেছি,ভেজা আঁঠালো মাটি চটি কামড়ে ধরছে, যেন বলতে চাইছে "যেওনা ও পথে--ও পথ দিকহীন,দিশাহীন "---কিন্তু মনের মাঝে ভেসে উঠছে নীল চোখের দৃষ্টি,যেন আমন্ত্রণ জানাচ্ছে নতুন পথের,এই সাজানো-গোছানো বস্তা-পচা একঘেয়েমিকে ভেঙে-গুঁড়িয়ে অন্য জীবনের আহ্বান, আমি ছুটতে শুরু করলাম, মুখে ভেজা বাতাসের স্পর্শ--কাদা মাখা চটি আমার পা জড়িয়ে ধরছে,ছুঁড়ে সরিয়ে দিলাম,আমার মধ্যে কি এক যাযাবরের সুর ? চোখে ভেসে উঠলো ঘাগড়া ছুঁয়ে থাকা খালি পা ---প্রকৃতির একান্ত সৃষ্টি, নীল চোখের দ্যুতিতে হারিয়ে যাওয়ার নেশা ! ছুটে ছুটে হাঁপিয়ে গেছি ---দূরে কালো মেঘ দিক্চক্রবালে স্থির---বাতাসে জলের আভাস; ভেজা শরীরে লেপ্টে থাকে ঠান্ডা বাতাসের শিড়শিড়ানি,ধীরে ধীরে এগিয়ে চললাম এক অনিশ্চিত পথে ---যাযাবরের মতো ---এক নতুন সূর্যের সন্ধানে !!

(যার মনের এই টানাপোড়েন লিপিবদ্ধ করেছি তার কিন্তু এভাবে ভাবার বয়স এখনো হয়নি--কৈশোর অবস্থায় মন সবুজ থাকে,এতো পরিপক্কতা আসে না !বয়সের প্রাজ্ঞতা Down memory lane এর এই টুকরো টুকরো ছবিগুলি থেকে এক নতুন ভাবনার জন্ম দেয় !এই "হতে চাওয়া" আর "হতে পারার" মাঝে জীবনটা দুলতে থাকে,মাঝে পরে থাকে ফেলে আসা সময়--অন্তহীন !!)

Amit Guha

# আমার ‘দিবস’নামা

প্রসেনজিৎ মজুমদার[1]

বসন্তকাল আসলেই প্রতিবারই মনে হয় তখনকার মত তীব্র বসন্ত আর কই। জানিনা আমার অনুভূতিগুলোই হয়ত তার তীব্রতা হারিয়েছে। যাই হোক,এই প্রজন্মে ফেব্রুয়ারী পড়তেই দ্বিতীয় সপ্তাহের প্রতিটি দিন বিশেষ নামে অভিহিত এবং পালন করা হয়। একটু গভীরভাবে ভাবলে বুঝি আমাদেরও ছিল সেসব দিন, হয়ত কোনো নাম ছিলনা, কোনো ক্যালেন্ডারের সীমায় নির্ধারিত ছিলনা, কিন্তু তা ছিল, অত্যন্ত তীব্র ভাবে ছিল। আমার ব্যক্তিগত কিছু অভিজ্ঞতা এখনকার তথাকথিত দিনযাপনের প্রেক্ষিতে রোমন্থন করার ইচ্ছা সম্বরণ করতে পারলাম না। অবশেষে লিখেই ফেললামসেরকম কিছু অভিজ্ঞতার মাইলস্টোন। আমার কাছে জীবনের সেই সব রোমাঞ্চকর, স্মরণীয়, শ্বাসরুদ্ধকর এবং বুকের মধ্যে অশ্বমেধ ঘোড়া ছোটার কিছু তীব্র মুহূর্তগুলিই ছিল বসন্তকাল। আর তারই চর্বিতচর্বণ আজীবন।

তখন ক্লাস নাইন। হঠাৎ স্কুল ছুটি। সবাই বলাবলি করছিল ক্লাস টুয়েলভের এক ছাত্র ও ছাত্রী যুগলে আত্মহত্যা করেছে। আত্মহত্যা ব্যাপারটা তখনও আমার কাছে অতটা পরিষ্কার ছিলনা। পরে জেনেছিলাম ওরা পরস্পরকে ভালবাসতো, কিন্তু বাড়িতে তা নিয়ে খুব অশান্তি ছিল। ‘এক দুজে কে লিয়ে’ছবিটা তখন সদ্য রিলিজ হয়েছিল। স্বেচ্ছামৃত্যুর আগে তারা ছবিটা দেখেছিল। তারপর আস্তে আস্তে বুঝেছিলাম, ভালবাসা এমন একটা অনুভূতি যার জন্য প্রাণও দেয়া যায়। ভালবাসাতে সে প্রাণ আজ কোথায়?

আমার কলেজে ফার্স্ট ইয়ার। আর তার স্কুল পর্বের অন্তিম। ‘আমরা দুজন একটি গাঁয়ে থাকি/সেই আমাদের একটি মাত্র সুখ’টাইপের ব্যাপার স্যাপার। খুব লুকিয়েই একটু দেখা, চিঠি বিনিময়। তখন না ছিল মোবাইল ফোন, টেলিফোনও খুব কম লোকের বাড়িতেই থাকতো। মনে পড়ে ওদের কাজের মহিলা ‘বতা-দি’ছিল আমাদের পত্রবাহিকা। সেই কাক-ডাকা-ভোরে আমার প্রিয়বন্ধুকে নিয়ে কতদিন যে দাঁড়িয়ে থাকতাম সেই এক অকালবয়স্কা, শীর্ণকায়া মহিলার জন্য। নিজের বাড়িতে কাজের মহিলা কবে আসত কি আসতনা, সে খবর কখনও রাখিনি।কিন্তু প্রেমিকার বাড়িতে মাসে কতদিন কামাই করতো তার পুরো হিসাব আমার কাছে থাকতো। এহেন বতাদিকে মোড় ঘুরে দূর থেকে আসতে দেখলেও আমার হার্ট-বিট বেড়ে যেতো। পরে পরে সপ্তাহে তিনদিন আমার ‘সে’ পাশের পাড়ার মানুদার (সম্ভবতঃ মানবেন্দ্র স্যার) কাছে প্রাইভেট টিউশন নিত। ভোর ছটায় তিনি পড়াতেন। বালিকা সাড়ে পাঁচটায় বাড়ি থেকে বেরোতো।

অত ভোরে ঘর থেকে বেরোবার জন্য আমার অভিন্ন-হৃদয় বন্ধু মিলন একটা সলিড আইডিয়া দিয়েছিল। দুজনে ট্রাকস্যুট আর কেডস কিনে ফেললাম। ভোরে জগিং করব। ওই ভোরে বেপাড়ায় যাওয়ার একটা বিশ্বাসযোগ্যতা চাই তো! আমার জন্য বেচারা মিলনও আধা ঘুমে উঠত। বন্ধু মিলনের কাছে আমি আজীবন ঋণী থাকব।

যার জন্য এই প্রসঙ্গ, এক ভোরে পড়তে যাবার সময় রাস্তার মাঝে সেই বালিকা তার খাতার মলাটের ভেতর থেকে চিঠি বের করে সবে দিতে যাচ্ছে, পাশের বাড়ীর জানালা হঠাৎ খুলে গেল, যেন ওত পেতে ছিল।শ্যামলদার বউ, মানে বৌদি, বাচ্ছা মেয়ের মত চিৎকার করে উঠলো,“দেখে ফেলেছি-ই-ই-ই।”আমাদের তখন কি বিব্রতকর অবস্থা। লজ্জায় পড়িমরি করে পালাই। সেই দাদা-বৌদিকে বহুদিন এড়িয়ে চলতাম। আজ কখনো অলস বেলায় সেদিনের সেই বিব্রতকর মুহূর্ত মনে পরলে একটা অদ্ভুত ভাললাগায় মন ভরে যায়। এই রকমই আরো কিছু মুহূর্তের স্মৃতিচারণা রইল আমার ‘দিবস’নামায়।

*****

[1]লেখক ভারতের দক্ষিণ-পূর্ব-মধ্যরেলের আধিকারিক এবং ছত্তিসগড় রাজ্যের বিলাসপুরের বাসিন্দা।

## রোজ ডে

ষ্টেশনে আমার প্রিয় এক আত্মীয়-কাম-বন্ধুকে সি-অফ করতে গেছিলাম। প্রথমবার আমাদের এখানে বেড়াতে এসেছিল, ক'দিন খুব আনন্দ করলাম। বিলাসপুরে আমার বাড়িকেই বেস ক্যাম্প বানিয়ে জব্বলপুর, ডোঙ্গরগড়, বান্ধবগড় অভয়ারণ্যে সপ্তাহখানেকের ট্রিপ। স্টেশন থেকে ফেরার পথে বিলাসপুরের পথের দুধারে সাদা পল্লবিত-পুষ্পিত সজনে গাছ(এখানে মুঙ্গা বলে) দেখে বুঝলাম 'বসন্ত এসে গেছে'।বাজারের মধ্যে দিয়ে ফিরছিলাম। স্ত্রী বললেন, গাড়ি থামাও।
আমি নামার আগেই তিনি নেমে এক ফুটপাথ-দোকানির সামনে হাজির।হরেক রকম টিপিক্যাল বাঙলার খাবারের উপাদান যেমন মানকচু, লতি, গন্ধরাজ লেবু, থানকুনি পাতা ইত্যাদি তার পসরা। বিক্রেতা মহিলাটি বেশ 'রণং দেহি' মূর্তিতে এক গ্রাহকের সাথে কিছু একটার দাম নিয়ে উচ্চকিত বচসা করছিল। যেতেই জিজ্ঞাসা করল,
- কেয়া চাহিয়ে ?
-মুঙ্গা ফুল হ্যাঁয়?
স্ত্রীর মনে হয় সজনে ফুলের বড়া খাবার কথা মনে পড়েছিল! সুস্বাদু আর তাছাড়া ওটাযেহেতু রক্তচাপ নিয়ন্ত্রণে সাহায্য করে তাই আমরা সানন্দেই খাই।
-মুঙ্গা ফুল ক্যা করেঙ্গে?
-দাদাবাবু কে লিয়ে, দাবা কা কাম মে আতা হ্যাঁয়।
-নম্বর দে যাও, জুগাড়কে খবর করেঙ্গে।
ঘটনা ভুলেই গেছিলাম।হঠাৎ এক সকালে একটা অপরিচিত নম্বর থেকে ফোন, ওঠাতেই এক কর্কশ মহিলা-কণ্ঠ।"দাদা আপকা মুঙ্গা ফুল লে যাও" বলেই লাইনটা কেটে দিল।বুঝলাম সেই দোকানির। যাব-কি-যাবনা ভাবতে ভাবতে চলেই গেলাম।
- ইয়ে লো, মুঙ্গা ফুল।
- কিতনে পৈসা হুয়া?
মহিলা খ্যাঁক করে উঠলেন - দেখো বাবু, দিমাগ খারাপ মত করো।এক তো মেরা আদমী কাল মেরা মোবাইল বেচকে দারু পীকে মস্ত।মুশকিল সে ইয়ে ফুল জুগাড়কে দুসরা গ্রাহকসে মোবাইল মাঙ্গকে কল কি হু।তেরা তবিয়ত ঠিক হো যায়, বস। গ্রাহক মেরি ভগওয়ান হ্যায়। কমলি ইসকে পৈসা নহি লেগা। লেনা হ্যায় তো লো।

আমি অবাক। নিজেকে খুব বোকা বোকা লাগছিল।নিজেকে কখনো এত আউটস্মার্ট লাগেনি। হঠাৎ মনে পড়ে গেল, যে আত্মীয়-কাম-বন্ধুকে সি-অফ করতে আমরা প্রথম দিন এই দোকানে এসেছিলাম তারা তো আজও ফোন করে তাদের পৌঁছানোর সংবাদ বা আমাদের কুশল-বার্তা জিজ্ঞাসা করার সৌজন্য বিনিময় করেনি। শুধু স্ত্রীর হোয়াটসঅ্যাপ-এ একটা মেসেজ করেছিল 'রিচড সেফলি'। কমলি ততক্ষণে অন্য এক গ্রাহকের সাথে দরদাম করতে ব্যাস্ত। দৃশ্যটা কেমন যেন ঝাপসা হয়ে আসছিল।

ধীর পায়ে দোকান ছাড়লাম।বাড়িতে ফুল হাতে নিয়ে স্ত্রী বললেন, আজ রোজ ডে, আর এই হ'লতার উপহার। রোজ রোজ এই ফুল পাওয়া যায়না।আমার রোজ ডে কমলির জন্য সার্থক হল।

*****

### প্রস্তাব দিবস

এখন সমস্ত রকম দিনই পালন করা হয়। সকাল সকাল হোয়াটস অ্যাপের দৌলতে জানলাম আজ প্রপোসাল ডে। অফিস যাবার আগে স্নান করতে গিয়ে হঠাৎ মনীষার কথা মনে পড়ে গেল।

অনেক দিন আগের কথা।সবে বিলাসপুর পোস্টিং হয়েছে, সদ্য বিবাহিত। সরকারি আবাসন তখনও পাইনি, অফিসের কাছাকাছি এক বাঙালি পরিবারের বাড়ির উপরের তলায় ভাড়া থাকতাম। ভদ্রলোক

খুবই সজ্জন,পুত্রবৎ স্নেহ করতেন। আমার স্ত্রীর তখনও স্নাতকোত্তর পরীক্ষা বাকি।তাই কলকাতাতেই পিতৃগৃহে থাকতেন।কাব্যি করে বলতে গেলে, "একাই থাকতাম, একাই দু মুঠো ফুটিয়ে খেতাম।"

বাড়িওয়ালা ভদ্রলোকেরতিন-চার বছরের নাতনি মনীষা দাদুর কাছেই বড় হচ্ছিল। শ্যামলা মেয়ে, ডাগর চোখ আর একমাথা কোঁকড়ানো ঝাঁকড়া চুল দুলিয়ে দুলিয়ে অনর্গল বকবক করত। আমার একাকীত্ব অনেকটাই দূর হত।একদিন এক বসন্তের সকালে শেভ করছিলাম, অফিস যাব বলে। মনীষা কখন পিছনে এসে দাঁড়িয়ে আমাকে লক্ষ্য করছিল, খেয়াল করিনি। হঠাৎ বেশ কায়দা করে বলল– মামা, দাড়ি কাটলে তোমাকে হেব্বি লাগে, খুব হ্যান্ডসাম লাগে। বললাম,হুম্ ... কি চাই তোর? মনে মনে খুব মজাও পাচ্ছিলাম ওইটুকু পিদ্দির মুখে পাকা পাকা কথা শুনে।
-তুমি মামলেট বানাতে পারো? যদি পারো, আর আমাকে এখনই বানিয়ে দাও, তবে আমি তোমাকেই বিয়ে করব। তুমি আমাকে বিয়ে করবে তো?
আমার চোখ ততক্ষণে কপালে।

কিছুদিন আগে মনীষাকে দেখেছিলাম ও তিন-চার বছরের শিশুকন্যাকে নিয়ে স্কুলে যাচ্ছে। আজ পর্যন্ত এত মিষ্টি প্রস্তাব এ জীবনে আর পাইনি, পাবোও না হয়ত। আমার Proposal day মনীষার জন্য উৎসর্গীকৃত।

*****

**টেডি ডে**

টেডি শব্দটা ছোট বেলায় কখনও শুনেছি কিনা মনে পড়েনা। বাংলা মাধ্যমে পড়তাম, মধ্যবিত্ত মানসিকতায় বড় হওয়া – টেডি মাহাত্ম্য বোঝার আগেই শৈশব গত। এমনকি আজও বুঝিনা, এর উপযোগিতা কি! বোধহয় এটাকেই জেনারেশান গ্যাপ বলে। কখনো কখনো মনে হয় বড়দের আনুষ্ঠানিকভাবে পুতুল খেলার এক অনন্য সুযোগ বা ব্যবস্থাই এই টেডি ডে।

খেলনার কথায়, ঝুলনযাত্রার কথা মনে পড়ে। শ্রাবণ মাসে ঝুলনযাত্রা হত। বারান্দার এক কোনে ভাঙ্গা ইট, পাথর,কাঠের টুকরো জড়ো করে, কাদার গোলায় চোবানো কাপড় তার উপর দিয়ে ঢেকে দিয়ে পাহাড় বানাতাম। ছোট ছোট চারা গাছ, ডালপালা, শেওলা ইত্যাদি দিয়ে সে পাহাড়কে প্রাণবন্ত করার এক অক্ষম প্রয়াস করা হত। কাঠের গুঁড়োয় বিভিন্ন রকম রঙ দিয়ে, রাস্তা, পার্ক,এয়ারপোর্ট এইসব বানাতাম। নকল পাহাড়ে পুতুল রাম-রাবণের যুদ্ধ, হনুমানের গন্ধমাদন পর্বত নিয়ে উড়ে যাওয়া, গুহার ভেতর থেকে বাঘ-সিংহের উঁকিঝুঁকি, হিমালয়ে সাধুর তপস্যা, নিচে সমতলে কাঠের গুড়োর রঙ্গিন রাস্তায় ট্রাফিক পুলিশ, রঙ-বেরঙের গাড়ি, কত কি না থাকতো।

সারা বছর ধরে সেসব খেলনা পুতুল একটা একটা করে যোগাড় করতাম। টিফিনের পয়সা বাঁচিয়ে কত পুতুল যে কিনেছি। চিলেকোঠার ঘরে একান্তে সব পুতুল কখন যে জীবন্ত হয়ে উঠত!ঝুলন সাজানোর এক অঘোষিত প্রতিদ্বন্দ্বিতা হত পাশের পড়শি-বন্ধু পলাশের সাথে। পলাশ একবার আমার একটা এরোপ্লেন নিয়ে পালিয়েছিল, আমাকে টাইট দেবার জন্য। পরে বেচারা ওর বাবার হাতে খুব মার খায় এই কারণে। চার-পাঁচ দিন এই উৎসব চলতো। হ্যাঁ, উৎসবই বটে। শেষের দিন মা তালের বড়া বানাত। খুব মজা করে খেতাম। ঝুলন শেষে সেই সব প্লাস্টিকের কুশি-লবদের একটা অ্যালুমনিয়ামের স্কুল-বাক্সে ঘুম পাড়িয়ে রেখে দিতাম পরের বছরের জন্যে।

এবার পুজোর ছুটিতে বাড়িতে গিয়ে দেখলাম, মা এখনও যত্ন করে সেই পুতুল-ভর্তি অ্যালুমনিয়ামের স্কুল-বাক্স রেখে দিয়েছে। ওদের বয়স একই আছে, আমরা কখন বড় হয়ে গেছি!আজকের টেডি-ডে পলাশের জন্য।

*****

**চকোলেট ডে**
মনেই পড়েনা ছোটবেলায় কবে প্রথম চকোলেট খেয়েছিলাম। আমাদের সময়ে ছিল পপিন্স লজেন্স। লাল, নীল,সবুজ,হলুদ কত রকম স্বপ্ন ভরা থাকতো! একটা গোটা পপিন্স লজেন্স এর প্যাকেট পেলে নিজেকে কেমন একটা 'রাজা রাজা' মনে হত।

আমাদের শৈশবে বৈশাখ মাসে প্রচুর সাংস্কৃতিক সন্ধ্যা হত। পাড়ায় পাড়ায় প্যান্ডেল বানিয়ে কোনো রকমে একটা মঞ্চ তৈরী করে অনুষ্ঠান করা হত। সকাল থেকেই পাড়ার কোন এক উৎসাহী দাদা চোঙ্গা মাইক নিয়ে চিল চিৎকার করতো ... "বন্ধুগণ অদ্য সন্ধ্যা সাত ঘটিকায় বাগচীপাড়া বিবেক সংঘের পরিচালনায় এক রবীন্দ্র-সুকান্ত-নজরুল সন্ধ্যার আয়োজন করা হইয়াছে।উক্ত অনুষ্ঠানে আপনার উপস্থিতি একান্ত কাম্য......" ইত্যাদি। বাবা বলতেন 'রসুন সন্ধ্যা'!

এসব অনুষ্ঠানে গান, আবৃত্তি ছাড়া নাটকও মঞ্চস্থ হত। আমাদের আগ্রহের কেন্দ্রবিন্দু ছিল নাটক, চেনা মুখকে অচেনা রূপে দেখতাম। আমরা বাচ্চারা লুকিয়ে ওদের রিহার্সাল তো দেখতামই, অনুষ্ঠানের দিন ছেঁড়া চটের আসনে সবার আগে বসতাম। আর বিস্ফারিত চোখে পরিচিত মুখগুলিকে রাজা,রানী,সিপাই ইত্যাদি হতে দেখতাম।

পরদিন আমরা বাচ্চারা মার কাজল (তখন কাজল ঘরে পাতা হত) চুরি করে, তা দিয়ে গোঁফ দাড়ি বানিয়ে যাত্রা-যাত্রা খেলতাম। ঝাঁটার কাঠি আর সুতো দিয়ে তৈরি হত তীর-ধনুক। যাত্রায় একটিই ডায়লগ ছিল "আজ তোরে করিব নিধন"।যারা নাটক করতাম তাদের দায়িত্ব ছিল নিজেদের ভাইবোনকে দর্শক হিসাবে নিয়ে আসতে হবে। পাড়ার এক নিঃসন্তান দম্পতির(ভদ্রমহিলাকে আমরা পিসি বলতাম) বাড়ির রোয়াকেবিকেল চারটার পর স্কুল থেকে এসে নাটক সুরু হত। নাটকের শেষ হত অবশ্যম্ভাবী নিজেদের মধ্যে মারপিট করে, কেননা কেউই মরতে চাইত না। দু-পক্ষই তারস্বরে চিৎকার করতো "আজ তোরে করিব নিধন।"হাতাহাতিতে গোঁফ এবং ভুরুর কাজল মুখে লেপটে একটা কিম্ভুত-কিমাকার চেহারা হত। জোর করে ঘুম থেকে তুলে নিয়ে আসা ভাই-বোনেরা ভয়ে কাঁদতে থাকতো।অবশেষে পিসিমা আমাদের একটি করে পপিন্স লজেন্স দিতেন এই শর্তে যে আর চিৎকার চেঁচামেচি করা যাবেনা, সন্ধি ঘোষণা করতে হবে। সন্ধ্যে ঘনিয়ে আসত, মুখে কালি আর জিভ লাল করে ঘরে ফিরতাম। পপিন্সের সেই স্বাদ আজও অম্লান।আমার 'চকোলেট ডে'সেই পিসিমাকে উৎসর্গ করলাম।

*****

**আলিঙ্গন দিবস**
আমাদের প্রাইমারী স্কুলের নাম ছিল, উত্তমচন্দ্র প্রাথমিক বিদ্যালয়। হেঁটে স্কুলে যেতাম। একজন বয়স্কা মহিলা আমাদের ১০/১২ টি বাচ্চাকে প্রত্যেকের বাড়ি থেকে ডেকে নিয়ে যেত, আবার স্কুল ছুটির পর পৌছিয়েও দিত, সামান্য কিছু পারিশ্রমিকের বদলে। ভদ্রমহিলার হাতে ছোট্ট একটা লাঠি থাকতো, যেটা নাড়িয়ে নাড়িয়ে উনি আমাদেরকে নিয়ন্ত্রণে রাখতেন। অবশ্য ওনাকে কখনো কাউকে লাঠিপেটা করতে দেখিনি। দৃশ্যটা অনেকটা রাস্তায় ভেড়া চড়ানোর মত ছিল। বাচ্চারাও ছিলাম ততোধিক দুষ্টু। সারা রাস্তা বকতে বকতে নিয়ে যেতেন। তখন বাটা কোম্পানির একটা স্কুল জুতো ছিল, নাম 'নটিবয়', যার কোনো লয় ক্ষয় ছিলনা। আমাকে সবসময় এক সাইজ বড় জুতো কিনে দেয়া হত, যাতে পরের বছরটাও চলে যায়। সেই নটিবয় জুতো পরে, একটা ইটের কিম্বা রাস্তার স্টোনচিপ এর টুকরোকে ফুটবল কল্পনায়, পাড়ার মোড় থেকে স্কুল পর্যন্ত বন্ধুরা মিলে নিয়ে যেতাম আর নিয়ে আসতাম। স্কুলে যখন পৌছাতাম, ততক্ষনে জুতোর সামনের অংশের ছাল চামড়া বেরিয়ে ধুলোতে পুরো সাদা, হাঁটুময় ধুলো।

স্কুলের অ্যাসিস্ট্যান্ট হেডমাস্টার ছিলেন সত্যব্রত স্যার। সুপুরুষ লোক। উজ্জল রঙ, বড় বড় চোখ, বজ্রকণ্ঠের অধিকারী। কথা বলার সময় গলার কণ্ঠিটা ওঠা নামা করতো। অনেক পরে যখন আবৃত্তি শিখতাম,ভাবতাম, ইস যদি আমার স্যারের মত কন্ঠস্বর হত! আমরা ছাত্রছাত্রীরা ওনার গলা শুনে ভয়ে কাঁপতাম। মার পাট-পাট করে আঁচড়ে দেয়া চুল খাড়া হয়ে উঠত। কত যে মার খেয়েছি স্যারের কাছে! আজকাল তো ছাত্র-ঠেঙ্গানো আইনত দণ্ডনীয়।প্রতিদিন মনে মনে ভাবতাম আজ স্যারের জ্বর কিম্বা

কিছু একটা হোক,যেন স্কুল কামাই হয়, খুব মজা হবে।সুস্বাস্থ্যের অধিকারি স্যার প্রতিদিন গেটের কাছে দাঁড়িয়ে থাকতেন। স্কুল ত্যাগ করার পরেও অনেকদিন ওই ভয়টা মনে গেঁথে ছিল। আমরা সত্যব্রত স্যারকে এড়িয়ে চলতাম। আমার ভাইবোনও ওই স্কুলে পড়েছে, ওদের অভিজ্ঞতাও তথৈবচ।

সময়ের চোরাস্রোতে কখন যে বড় হয়ে গেছি, বালক থেকে লোক হয়ে গেছি বুঝতেই পারলামনা। কয়েক মাস আগে আমার এক পুরোনো স্কুল-বন্ধু ফোন করে জানাল,সত্যব্রত স্যার খুব অসুস্থ, ডাক্তার গলার কণ্ঠিতে কান্সার সন্দেহ করছে, বম্বে টাটা মেমোরিয়ালে রেফার করেছে, শীঘ্রই নিয়ে যেতে হবে। তুই তো রেলে আছিস, একটা কনফার্ম টিকিটের ব্যবস্থা করে দিতে পারবি?ক্যান্সার রোগীর জন্য রেলে আপৎকালীন সংরক্ষণের ব্যাবস্থা আছে। টিকিট কনফার্ম হল। ট্রেন আমাদের বিলাসপুর দিয়েই যাবে, ১৫ মিনিটের স্টপেজ। স্ত্রী-পুত্র সমেত দেখা করতে গেছিলাম। না এলেই ভাল হত বোধহয়। ওই দাপুটে লোকটাকে শীর্ণকায়, দুর্বল দেখে মন খারাপ হয়ে গেল। পরিচয় দিলাম, প্রণাম করার জন্য পা ছুঁতে যাব, বুকে জড়িয়ে ধরলেন। মনে মনে এই প্রথম স্যারের স্বাস্থ্য এবং আরোগ্য কামনা করলাম।আমার "হাগ ডে" সত্যব্রত স্যারকে উৎসর্গ করলাম।

*****

## প্রমিস ডে

মাধ্যমিক পরীক্ষা সবে শেষ হয়েছে, তখন রেজাল্ট না বেরোনো পর্যন্ত সবাই ছিলাম মুক্ত বিহঙ্গ। পাড়ায় আমাদের একটা ফুটবল খেলার দল ছিল, নাম ছিল "সেভেন বুলেট"। এগারো জনের দলের নাম কেন যে ওই রকম ছিল, সে কথা তখনও মাথায় আসেনি আর এখনও তার কারন জানিনা। আমরা প্রায়ই এপাড়া ওপাড়া খেপ খেলে বেড়াতাম। খেলার শেষে হোস্ট টীম আলুর দম আর লুচি খাওয়াত, ওটাই ছিল আমাদের আকর্ষণের মুল কেন্দ্রবিন্দু। কয়েক দিনের মধ্যেই একটু সাহস বাড়তে আমরা লোকাল ট্রেনে একটা দুটো স্টেষন এদিক ওদিকও (খড়দহ, ইছাপুর ইত্যাদি) খেলতে গেছি। আমাদের দলের ক্যাপ্টেন ছিল, রাজা। ক্যাপ্টেন এর নির্দেশে ট্রেনের টিকিট কখনো কাটতাম না। রাজার কোন এক দূরসম্পর্কের মামা রেলে টিটি ছিল,দীপক ব্যানার্জি। যাকে আমরা কেউ কোনোদিনও দেখিনি, সেই নাম, আর পরিচয়টাই ছিল আমাদের ফ্রী পাস। একবার একটু দূরে, দমদমে রাজার কোনো এক তুতো ভাই এর পাড়ায় ম্যাচ ঠিক হয়েছে, মাংস-রুটি খাওয়াবে । আমরা প্রায় আট-নয় জন বারাকপুর লোকালে রওনা দিলাম। রাজা আগেই দমদমে ব্যাবস্থাপনা তদারকি করতে চলে গেছিল। যাবার আগে বলে গেছে, চিন্তা নেই স্টেশনে টিটি দেখলে মামার নাম বলে দিস, টিকিট লাগবেনা। দমদম স্টেশনে ট্রেন ঢুকল। বেশ ভিড়, গেটের কাছে দু-একটা কালো কোট পরা টিটি দাঁড়িয়ে আছে। যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যে হয়। আমিই একটু ভিতু প্রকিতির ছিলাম, টিমের পিছনে পিছনে মেইন গেট দিয়ে বেরোচ্ছি, সবাই অবলীলায় এক এক করে বেরিয়ে গেল। আমিও প্রায় বেরিয়েই পড়েছিলাম, হঠাৎ পেছন থেকে কাধে হাত। - ভাই টিকিট! একটা গুঁফো ষণ্ডা মত লোক। আমার হাত পা ঠাণ্ডা হবার যোগাড়। বন্ধুরা গেটের বাইরে থেকে মজা দেখছে। মনে মনে হিসাব করে দেখলাম, পকেটে বারো টাকা পচাত্তর পয়সা আছে। ভাড়া –ফাইন সমেত বারো টাকা । ফিরব কিভাবে! প্রমাদ গুনলাম। - আ-আ আমি মানে , আমার মামা টিটি। দীপক ব্যানার্জি। - কী-ই ই? ততক্ষনে, গুঁফোর বুকের ব্যাজ টা চোখে পড়ল। পরিস্কার লেখা আছে, দীপক ব্যানার্জি।মাথাটা কেমন তালগোল পাকিয়ে গেল। কিংকর্তব্যবিমুঢ় হয়ে ঢিপ করে একটা পেন্নাম ঠুকে বললাম, আমি রাজার বন্ধু। ভদ্রলোক ততক্ষনে গলে জল, বলল… - ছাড়তে পারি, একটা শর্তে। প্রমিস কর আর কোনোদিন ও বিনা টিকিটে ট্রেনে চড়বিনা ! - বললাম, PROMISE। আর কখনো বিনা টিকিটে ট্রেনে চড়িনি। বস্তুত পরে রেলে চাকুরির সুবাদে, সুবিধা পাসে এখন আর পয়সা দিয়ে টিকিট কাটতে হয়না।
আমার প্রমিস ডে রাজার মামাকে উৎসর্গ করলাম।

## কিস ডে

'কুসুমে কুসুমে চরণ চিহ্ন দিয়ে যাও, শেষে দাও মুছে।
ওহে চঞ্চল বেলা না যেতে খেলা কেন তব যায় ঘুচে।।'

কলেজ-ফেস্ট এবং নবীন-বরণ সেবার একসাথে হয়েছিল। ছিল গান আর আবৃত্তি প্রতিযোগিতাও। দেবযানী, সুচিত্রা মিত্রের ভঙ্গিমায় হারমনিয়াম বাজিয়ে নিমীলক হয়ে গান করছে। মাথাটা বাঁদিকে সামান্য হেলান। গলায় একটা অমোঘ ভাঁজ। মরাল গ্রীবা, শ্যামলাবরণ। বুদ্ধিদীপ্ত চাহনি,ঋজু এবং দীপ্ত, এক অসামান্য বসার ভঙ্গী। কেন জানিনা কলেজে প্রথম দিন তাকে দেখেই মনে হয়েছিল, বাহঃ! বেশ তো!! মফস্বল থেকে সবে কলকাতার ঝাঁ-চকচকে সেন্ট পলস কলেজে ভর্তি হয়েছি। শরীর থেকে তখনও মফস্বলের 'বোকা বোকা' গন্ধটা যায়নি। সে সময়ে প্রচুর বাংলা উপন্যাস পড়তাম। সুনীল গাঙ্গুলী, বুদ্ধদেব গুহ, আশুতোষ মুখোপাধ্যায়, নিমাই ভট্টাচার্য, মৈত্রেয়ী দেবী, যাযাবর, আর কতো কে! সততই পাকা ফলের মত ভাবের ঘরে ঝুলছিলাম, টোকা মারলেই প্রেমে পড়ি আর কি!

এরপর আমার আবৃত্তি, গলাটা শুকিয়ে আসছে, ওদিকে গান চলছে, "চকিত চোখের অশ্রু সজল বেদনা......"।অপলক, হাঁ করে তাকিয়ে আছি। গান শেষ। প্রেক্ষাগৃহে করতালির অনুরণন। ঘোষক বোধহয় আমার নাম ঘোষণা করল।

"নাম তার কমলা, দেখেছি তার খাতার উপরে লেখা......।" রবি ঠাকুরের 'ক্যামেলিয়া'আবৃত্তি করে গ্রীনরুমে যখন ফিরেছি, দেখিদেবযানী একটা টানাবেঞ্চে বসে আছে।আমার দিকে করমর্দনের জন্য হাত বাড়িয়ে বলল, দারুন বলেছিস BOSS, কিন্তু বড্ড লম্বা কবিতা। হাত ছুঁলাম, কেননা ওটাকে করমর্দন বলা যায়না। বুকের মধ্যে তখন অশ্বমেধের ঘোড়া ছুটছে। জিজ্ঞেস করল,কোন স্ট্রীম?
বুঝলাম আমায় কখনও খেয়াল করেও দেখেনি এবং ধর্তব্যের মধ্যে আনেনি। অথচ কলেজে প্রায় প্রথম দিন থেকেই সে আমার নজরে নজরে। বললাম, সাইন্স ফার্স্ট ইয়ার।
- আমার বাবা আর্টস। ফিলসফি, সেকেন্ড ইয়ার।

হতাশ আমি। শুরুতেই এরকম টেকনিকাল ঝটকা খাবো, বুঝতে পারিনি। কিন্তু মুগ্ধতাটা তো সত্যিই ছিল। বাকি প্রতিযোগিরা ইতস্ততঃগ্রীনরুমে বসে অন্যদের প্রস্তুতি দেখছিল, দেবযানী অনর্গল বকবক করছিল,আমার কানে কিছুই যাচ্ছিল না। তার পোশাক থেকে হালকা একটা স্নিগ্ধ গন্ধ মনটাকে আরো এলোমেলো করে দিচ্ছিল। এভাবে কত সময় গেছিল খেয়াল নেই। এবার প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করা হবে। প্রথমে আবৃত্তি, সফল তালিকায় আমার নাম নেই। দেবযানী বলল, সরি BOSS, তুই কিন্তু ভালই বলেছিলি, বেটার লাক নেক্সট টাইম। এরপর গানের ফলাফল ঘোষণা হবে, উত্তেজনায় ও তখন আমার বাঁ কাঁধটা প্রায় খামচে ধরে আছে।ঘোষণা হল, রবীন্দ্রসংগীতে প্রথম -সুশ্রী দেবযানী মিত্র। আনন্দে, মুহূর্তের মধ্যে একটা অদ্ভুত আওয়াজ করে অন্য কাঁধটা ধরে আমার বাঁ গালে ওষ্ঠ ছুঁইয়েই দুই হাত তুলে মঞ্চের দিকে দৌড়। মিলি সেকেন্ডের ঘটনায় আমি বিহ্বল, গালে হাত দিয়ে বসে রইলাম।আমারও পুরস্কার-প্রাপ্তি হল। শো-কেসে নয়, মনের মণিকোঠায় আজীবন সাজিয়ে রাখবার জন্য।আমার 'কিস ডে'কলেজের সেই ফেস্ট-ডে কে, দেবযানীকে।

*****

## ভ্যালেন্টাইন ডে

আমাদের কৈশোরে আলাদা করে কোন ভ্যালেন্টাইন ডে ছিলনা। কিন্তু তখন যে কোন দিনকেই আমরা ভ্যালেন্টাইন্স ডে তে পরিণত করে নিতাম। ক্লাস ইলেভেন-টুয়েলভ হবে।সদ্য মুক্তিপ্রাপ্ত-গোঁফ-সম্পৃক্ত আমরা কয়জন, আমাদের মিশন স্কুলের পাশেরভবনাথ বালিকা বিদ্যালয়ের বালিকাদের বিদায় জানিয়ে, তবেই নিজেদের ক্লাসে ঢুকতাম। বন্ধুরা নিজেরাই ভবনাথের বালিকাদের ভারচুয়ালি ভাগাভাগি করে নিয়েছিলাম। বেঁটে,মিষ্টি দেখতে বকম-বকমটা,সুব্রতর।রাগি রাগি ইন্দিরা গান্ধী টাইপটা, প্রবালের। আমুল বেবি মুটকিটা, গাবলুর। গাবলু খুশিতেই মেনে নিয়েছিল। ও বেটাও ষষ্ঠীচরণ টাইপের ছিল।

বনলতা সেন গোছেরটা, মিলনের। আর আমারটার নাম ওরা দিয়েছিল, চশিমুদ্দিন,মাইনাস পাওয়ারের একটু দিদিমণি টাইপের।মাঝে মাঝে বালিকারা আমাদের 'দিলওয়ালা দুলহনিয়া লে জায়েঙ্গের'সেই ঘাড় ফেরানো 'পলট' লুকটা দিলেই সেলিব্রেশান। বিকালে মদনের দোকানের চপ-মুড়ি সহযোগে চা। যারটা তাকাবে সে ট্রিট দেবে। হায়! সারাজীবন বালিকারা বোধহয় কখনই জানতে পারেনি যে কিছু ছেলের মনে তারা কত দিনযাপন করেছে। এর মধ্যে দুএকটা কেস যে সত্যি হয়ে যেতনা, তা নয়। ওটাকে বিড়ালের ভাগ্যে শিকে ছিঁড়েছে বলে মেনে নিতাম।

আমাদের স্কুল-টাইমের আড্ডা ক্রমে আরো বিস্তৃত হল। আড্ডা তো নয়, যেনএনসাইক্লোপেডিয়ার খড়দহ ব্রাঞ্চ। কি বিষয় নিয়ে আলোচনা হতনা সেটাই বিষয়। তবে উদ্বোধনী সঙ্গীতের মত ভবনাথের বালিকারা প্রতিদিনেরই আলোচ্য বিষয়ে থাকতো। এহেন সময়ে পাড়ায় ঝুলনদির বাড়িতে এক লম্বা হিরো টাইপের ছেলের আসা-যাওয়া শুরু হল। পরে জেনেছিলাম ছেলেটার নাম সৌমিত্র, যাদবপুরে সিভিল নিয়ে পড়ে। ঝুলনদিকে কেমন একটা 'রুবি রায়''রুবি রায়' দেখতে ছিল। আমাদের ঠেকের টোটনদা ঝুলনদির প্লেটোনিক প্রেমে হাবুডুবু খেত। টোটনদা তোতলা ছিল। নিজের নাম তোতন বলত। কোনোদিনই সাহস করে ঝুলনদিকে প্রস্তাব দিতে পারেনি, পাছে তোতলামো ধরা পড়ে যায়। ঠেকে একদিন ঠিক হল, ওই লম্বুকে চাঁদা তুলে প্যাঁদাতে হবে। এ পাড়ার শিল্ড অন্য পাড়ায় দেয়া যাবেনা! দিনক্ষণ ঠিক হল। সন্ধ্যেবেলায় ঝুলনদির বাড়ি থেকে বেরোলেই মোড়ে ধরব। সবাই রেডি। টোটনদা লক্ষ্য রাখছিল।একসময় ফিসফিস করে জানাল, রে ...রে...রেডি, সা... সা...লা আ...আ......আসছে।

হঠাৎ একটা গাড়ির ব্রেক কষার তীব্র টায়ার ঘষ্টানির আওয়াজ। দেখি, একটা লাল মারুতি, এক বৃদ্ধ সাইকেল আরোহীকে সজোরে ধাক্কা মেরেছে, সাইকেল তুবড়ে গেছে। লোকটা পাশে পড়ে খাবি খাচ্ছে। রাস্তায় চাপ চাপ রক্ত। আমরা কিংকর্তব্যবিমূঢ়। কিছু বুঝে ওঠার আগেই সৌমিত্রদা ওর রেসিং সাইকেল ফেলে আমাদের ডাকল, আমরা সবাই মিলে বৃদ্ধকে পাঁজাকোলা করে ওই মারুতিতে তুলে দিলাম। আমাদের বলল, গাড়িতে আয়। আমি আর মিলন মন্ত্রমুগ্ধের মত লোকটাকে পেছনের সীটে কোলে নিয়ে বসলাম। যে লোকটা ধাক্কা দিয়েছিল, সে ভয়ে পানসী মেরে গেছে। ওকে বলল, চলুন হাসপাতালে। গাড়ি স্টার্ট হবার আগে টোটনদাকে বলল, বড়দা, ভদ্রলোকের বাড়িতে একটা খবর দেবার ব্যাবস্থা করুন, আমরা বি এন বোস হাসপাতালে যাচ্ছি।

টোটনদার সেই হতাশ চাহনিটা আমার আজও মনে আছে। রাস্তায় মিলন কানে কানে বলল, বুঝলি যারা হিরো হয় তারা সব জায়গায় হিরো।

তার চার-পাঁচ বছর পরে সৌমিত্রদা আর ঝুলনদির বিয়েতে আমরা ঠেকের সব ছেলেরা পরিবেশন করেছিলাম। টোটনদা সব থেকে বেশি মিষ্টি সাঁটিয়েছিল।আমার ভ্যালেন্টাইন ডে সৌমিত্রদা আর ঝুলনদির জন্য।

# গঙ্গা-যমুনা
## দিলীপ কুমার দাস

দু'দশক আগে নিউজিল্যান্ডে এসে প্রথম বছর দেড়েক আমরা অকল্যান্ডে হাউসিং নিউজিল্যান্ডের একটা ফ্ল্যাটে ছিলাম। সেখানে যখন উঠলাম তখন দেখলাম ফ্ল্যাটের ফোনজ্যাকটিতে আমাদের কেনা ফোনটিকে লাগানো যাচ্ছে না। জ্যাকটি পুরনো মডেলের – নতুন খাদ্য তিনি খেলেন না! দুএকজনকে জিজ্ঞাসা করতে তাঁরা উপদেশ দিলেন ফোন কোম্পানিকে ফোন করতে। তাহলে তাদের লোক এসে ফোনের সংযোগ করে দিয়ে যাবে। তাই করলাম। একটা ফোন বুথ থেকে ফোন করতে পরের দিন টেলিকমের লোক এসে দুরালাপ-সংযোগ করে দিয়ে গেল। এর পর মাস পোহালে যে বিল এল তাতে আমার আক্কেল গুড়ুম! এই সংযোগটি করে দেবার জন্য চার্জ করেছে মাত্র সাড়ে সাতচল্লিশ ডলার ! নতুন জ্যাকের জন্য দশ ডলার, আর মিনিট দুয়েকের কাজের মজুরী সাড়ে সাঁইত্রিশ! অবশ্য এর মধ্যে কোম্পানির টেকনিশিয়ানের যাতায়াতের ব্যাপারটাও ছিল। যাইহোক, এর থেকে এই শিক্ষা হল যে যে কাজগুলো নিজে করা সম্ভব সেগুলো নিজেকেই করতে হবে। আর তা না করতে পারলে বারে বারে এইরকম গচ্চা দিতে হবে। এই নিজের কাজ নিজে করাকে বলে 'ডু ইট ইয়োরসেলফ' বা সংক্ষেপে 'ডি আই ওয়াই'। পরে দেখলাম এদেশে এই ব্যবস্থাটির বাণিজ্যিকিকরণও হয়েছে। বেশ কিছু হার্ডওয়্যারের দোকান ডি আই ওয়াই-এ উৎসাহ দেয়। তাদের কাছে প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম এবং যন্ত্রপাতি কিনতে পাওয়া যায়। তাছাড়া কেমন করে সঠিকভাবে ঘরবাড়ির ছোটখাট কাজ যেমন বেড়া তৈরী করা, বাগানের মধ্যে পায়ে চলার পথ বানানো, ছোটখাট মেরামতি করা ইত্যাদির বিনাপয়সায় প্রশিক্ষণও দেয়। এদেশের পাবলিক লাইব্রেরীতেও দেখেছি এরকম বিভিন্ন কাজ নিজে করার জন্য সহজে বোধগম্য অনেক বইপত্র এবং ভিডিও পাওয়া যায়। নিজের বাড়ী হলে এরকম ছোটবড় অনেক কাজই নিজেকে করতে হয়। কিউয়িদের এ ব্যাপারে যথেষ্ট মুন্সিয়ানা আছে। সুতরাং আমিও এই ডি আই ওয়াই কালচারে আস্তে আস্তে রপ্ত হতে শুরু করলাম। তবে এতে ভুলভ্রান্তিও হয়। এবং তার ফলে নতুন যে সমস্যা তৈরী হয় তা সামাল দিতে অনেক বেশি খরচ করে দক্ষ মিস্ত্রীজাতীয় লোকের সাহায্য নিতে হয়। অন্তত আমার তাই হয়েছিল। তার একটির কথা এখানে বলছি।

ট্যাঁকে ভারীরকম রেস্ত না থাকলেও এদেশে বাড়ী কেনা এমন কিছু কঠিন ব্যাপার নয়। চাকরি হোক, ব্যবসা হোক - একটা চলনসই উপার্জনের উপায় থাকলেই হল। ব্যাঙ্ক এবং কিছু কিছু আর্থিক প্রতিষ্ঠান ডলার নিয়ে বসে আছে বাড়ীটি বন্ধক রেখে ধার দেবার জন্য। ওটি ওদের ব্যবসা। অবশ্য দেশেও এখন এরকম 'ঋণং কৃত্বা' কালচার বেশ চালু হয়েছে। এখানে বেশীর ভাগ লোকই দেখেছি রোজগারের পাকাপাকি একটা হিল্লে হয়ে গেলে ব্যাঙ্ক-ডিপোজিট দেবার ডলার জমিয়ে বাড়ী কিনতে চেষ্টা করে। তারপর অনেক বছর ধরে কিস্তিতে কিস্তিতে সুদ সমেত ধারটা শোধ করে। এদেশে প্রায় সব বসতি এলাকাতেই দশ-বিশটা বা আরো বেশী সংখ্যক বাড়ী সব সময় বিক্রীর জন্য থাকে। বাড়ী সস্তা না হলেও সহজলভ্য। সুতরাং ওয়েলিংটনে আসার কিছুদিন পর এই 'মহাজন-পন্থা' অনুসরণ করে অর্থাৎ ব্যাঙ্ক-মহাজনের কাছে বাড়ী বন্ধক রেখে, ডলার ধার নিয়ে এখন যে পাড়ায় আছি দেখেশুনে তার প্রাইমারী স্কুলের কাছে আমিও একটা বাড়ী কিনে ফেললাম। স্কুলের কাছে কিনলাম যাতে মেয়েরা হেঁটেই স্কুলে যাওয়া-আসা করতে পারে। বাড়ীটা নতুন নয়, আবার খুব পুরনোও নয়।

এখানকার বেশীরভাগ বাড়ীতেই জামাকাপড় কাচা, শুকোনো, ইস্ত্রি করা ইত্যাদির জন্য একটা নির্দিষ্ট জায়গা বা ঘর থাকে। আমার বাড়িতেও এরকম একটা ছোট লন্ড্রীরুম আছে যেখানে ওয়াশবেসিন, ওয়াশিং মেশিন, ইস্ত্রি করার ব্যবস্থা ইত্যাদি আছে। যাইহোক, বাড়ী কেনার বেশ কয়েক মাস পরে আবিস্কার করলাম যে ওয়াশবেসিন ক্যাবিনেটের নীচে মেঝের ছোট একটা অংশ জল লিক করে নষ্ট হয়ে গেছে। প্রথম যখন নজরে এল তখন জল পড়ছিল না। অর্থাৎ বাড়ীর আগের মালিক লিকটা বন্ধ করেছে, কিন্তু নষ্ট হয়ে যাওয়া মেঝেটা মেরামতির প্রয়োজন বোধ করেনি। সেই অংশটা বেশ ছোট, তক্ষুণি যে মেরামত করতে হত এমন নয়। ক্যাবিনেটটার জন্য সেটা সহজে নজরে পড়েনি। তবে ওয়াশবেসিন এবং ক্যাবিনেটটা বেশ পুরনো হয়ে গিয়েছিল। ইতিমধ্যে ডি আই ওয়াই কালচারে আমি খানিকটা রপ্ত হয়ে উঠেছি। সেই নবলব্ধ বিদ্যা প্রয়োগের একটা সুযোগ পেলাম। তাই ঠিক করলাম মেঝেটা মেরামত করে ওখানে পুরনোটা বদলে নতুন ক্যাবিনেট সহ একটা ওয়াশবেসিন বসাবো। লন্ড্রীরুম মায় গোটা বাড়ীর মেঝেই পার্টিকলবোর্ড দিয়ে তৈরী। নষ্ট হয়ে যাওয়া অংশটুকু করাত দিয়ে কেটে বাদ দিয়ে সেখানে একই সাইজের নতুন বোর্ড লাগিয়ে দিলেই হল। সেটা এমন কিছু কঠিন কাজ ছিল না। নিজেই করতে পারব বলে বিশ্বাস আমার প্রথম থেকেই ছিল।

কয়েকদিন খোঁজখবর করে, এ দোকান ও দোকান ঘুরে নতুন ওয়াশবেসিন কেনা হল এবং ম্যাচিং বোর্ডও সংগ্রহ হল। তারপর রবিবারের এক বিকেলে লেগে গেলাম মেঝে মেরামত করতে। সব কিছুই ঠিকঠাক চলছিল। নষ্ট হয়ে যাওয়া অংশটা কাটা যখন প্রায় শেষ করে এনেছি তখন বাঁধল গণ্ডগোল। হঠাৎ করে মেঝের নীচে থেকে জোর ফোয়ারা দিয়ে জল বেরোতে শুরু

করল। মুহূর্তে বুঝে গেলাম মেঝে কাটতে গিয়ে তার নীচের জলের পাইপও কেটে ফেলেছি। একেবারে সাড়ে সর্বনাশ ! ছুটে বাইরে এসে প্রথমেই বাড়ীর জলের লাইনের ভালভটিকে বন্ধ করলাম। তাতে জল বেরোনো বন্ধ হল বটে, কিন্তু যে কান্ড করে ফেলেছি তা এখন সামাল দেব কি করে? নিজের বিদ্যেতে তো কুলোবে না!

এই ঘটনার কিছুদিন আগে আমার প্রতিবেশীর মাধ্যমে স্টিভ বলে এক প্লাম্বারের (কলমিস্ত্রীর) সাথে পরিচয় হয়েছিল। তাকে ফোন করলাম এবং আমার কীর্তিকাহিনী কীর্তন করে অনুরোধ করলাম তখনই এসে আমাকে উদ্ধার করতে। সে পরামর্শ দিল হট ওয়াটার সিস্টেমে যে গরম জল আছে তাই দিয়ে সে দিনটা আর পরদিন সকালটা চালিয়ে নিতে, দুপুরে এসে পাইপ সারাই করে দেবে সে। পরের দিন সোমবার, কাজের দিন – আমাদের সময় হবে না। আর হট ওয়াটার সিলিণ্ডারে যা গরম জল আছে তা দিয়ে একবেলা চলতে পারে। সুতরাং সোমবারের সকালের আগেই এই নিরম্বু অবস্থার অবসান হওয়া দরকার। তাই স্টিভ তখনই এলে ভাল হয়। সব শুনে স্টিভ জানালো যে যদিও সে এই বিকেলটায় ফ্রি আছে তবু আসতে পারবে না। কারণ দ্বিপ্রাহরিক আহারের সাথে সে ভালরকম মদ্যপান করেছে। সেই অবস্থায় গাড়ী চালাতে গিয়ে পুলিশের হাতে ধরা পড়লে কেলেঙ্কারী হবে। হক্ কথা। ফোনে তার কথা শুনে মনে হল মদ খেলেও সে তালে ঠিক আছে, মাতাল হয়ে যায়নি। জিজ্ঞাসা করলাম যদি তাকে আনার ব্যবস্থা করা হয় তবে কাটা পাইপটা সে জোড়া দিতে পারার অবস্থায় আছে কিনা। সে জানাল পাইপ জোড়া দিতে সে পারবে। তখন তাকে বললাম, ‘তোমার বউকে বল না কাজের ভ্যানটা চালিয়ে তোমাকে আমার বাড়ীতে নিয়ে আসতে। তাঁর আসাটাও আমি পুষিয়ে দেব।’ স্টিভ জানাল, ‘তিনিও পান করেছেন’!

হুঁ, এই না হলে ‘দেবা’র উপযুক্ত ‘দেবী’!

তখন আমি ছুটলাম আমার নিজের গাড়ী করে তাঁকে আনতে। প্রয়োজনীয় যন্ত্রপাতি, সাজসরঞ্জাম নিয়ে তিনি এলেন এবং পনের-বিশ মিনিটের মধ্যেই আমার কুকীর্তি মেরামত করে দিলেন। দেড়শো ডলার দক্ষিণা দিয়ে আর এক কাপ চা খাইয়ে তাঁকে আবার বাড়ী পৌঁছে দিয়ে এলাম। কয়েকদিন পরে আমার পরিচিত একজনকে এই ঘটনার কথা বলছিলাম। সব শুনে তিনি বললেন – ‘এ ক্লাসিক্যাল ডি আই ওয়াই ডিজাস্টার’! শুনে আশ্বস্ত হলাম এই জন্যে যে ডিজাস্টার কথাটা যখন ডি আই ওয়াই-এর সাথে চালু আছে তখন অতীতে আরো অনেক কীর্তিমানই এইরকম কীর্তি করেছেন, আমি একমেবাদ্বিতীয়ম্ নই ! যাইহোক, আমার ডি আই ওয়াই-এর ঝুলিতে এই অভিজ্ঞতাটিও গচ্ছিত হল।

এবার আর একটি ঘটনার কথা বলে লেখাটি শেষ করি। এটি অবশ্য আগেরটির মত অত ঝামেলার নয়। গত গ্রীষ্মে আমার দুই প্রতিবেশী তাঁদের এবং আমার বাড়ীর সীমানায় যে কাঠের বেড়া আছে তা রঙ করলেন। এদেশে দুটো পাশাপাশি বাড়ীর সীমানায় যে বেড়া থাকে তা তৈরীর খরচ সাধারণত দুই বাড়ীর মালিকই বহন করে। পরবর্তীকালে ছোটখাট মেরামতি, রঙ করা ইত্যাদির দরকার হলে যে যার দিকটা করে নেয়। আমার দুই পড়শী যখন তাঁদের দিকগুলো রঙ করলেন তখন আমরাও আমাদের দিকগুলো করার তাগিদ অনুভব করলাম। আমার ছোটমেয়ে এবং মেয়ের মা রঙ পছন্দ করলেন এবং দশ লিটার বালতির এক বালতি রঙ কেনা হল। আমি ওয়াটার ব্লাষ্টিং করে অর্থাৎ উচ্চচাপে জল দিয়ে বেড়া পরিষ্কার করে রঙ করার কাজে লেগে গেলাম। রঙ যখন কিনেছিলাম রঙওয়ালী দোকানী তখন সেটিকে প্রথমে ভাল করে ঘেঁটে নেবার কথা বলেছিল। যেহেতু দশ লিটারের বালতিটা বেশ ভারী এবং বড় তাই কাজের সুবিধার জন্য বালতির ওপরের দিকের রঙটা ঘেঁটে একটা ছোট পাত্রে ঢেলে নিয়ে সেখান থেকে রোলার এবং ব্রাশ দিয়ে বেড়ায় লাগিয়েছিলাম।

বেড়ার খানিকটা যখন রঙ করা হয়েছে তখন সেটা দেখে গৃহিণী বললেন তিনি যে রকম রঙ পছন্দ করেছিলেন বেড়ার রঙটা তার চেয়ে আরো বেশী নীল মনে হচ্ছে। আমি বললাম, ‘নীল-লাল জানি না, পছন্দ করে যে রঙ কিনেছ সেই রঙই তো লাগাচ্ছি।’ এই বলে তাঁর মুখ বন্ধ করলাম। এইভাবে দক্ষিণ দিকের বেড়া রঙ করা হল। বালতিতে রঙের পরিমানও অনেকটা কমে গেল। পূবদিকের বেড়া রঙ করার সময় দেখলাম যেহেতু বালতি তখন অনেকটা হালকা হয়েছে তাই সরাসরি বালতি থেকে নিয়েই রঙ লাগানো যাবে। তার আগে বাকি রঙটা ভাল করে ঘাঁটতে আশ্চর্য্য হয়ে দেখলাম বালতিটি ‘হিরণ্যগর্ভা’। তাতে সোনাদানা লুকনো ছিল না, কিন্তু তলায় থিতিয়ে থাকা সোনালী-হলুদ পিগমেন্ট ভাল করে ঘাঁটার ফলে নীচে থেকে উঠে এসে বালতির বাকি রঙের সাথে মিশে তাকে ক্রমশ সবুজাভ করে তুলল। তখন বুঝলাম শুরুতে ভাল করে না ঘেঁটে কি ভুল করেছি। আর প্রথম দিকে গিন্নীর ‘রঙ বেশী নীল মনে হচ্ছে’ অভিযোগের একটা কারণও খুঁজে পাওয়া গেল। যাইহোক, বাকি রঙটা পূবদিকের বেড়ায় লাগালাম। এখন পূব এবং দক্ষিণ দিকের বেড়ার আলাদা আলাদা রঙ। গৃহিণী সেই বর্ণবৈচিত্রের নাম দিয়েছেন ‘গঙ্গা-যমুনা’!


গঙ্গা
Dulux
যমুনা

# আমার আগমনী

সকাল বেলা হোয়াটসঅ্যাপ এ মেসেজ এলো " আর মাত্র এক মাস – মা আসছেন" সঙ্গে দুর্গা ঠাকুরের একটা সুন্দর মুখ, কাশফুলের আবহে। বাইরে তাকিয়ে দেখলাম আগত আশ্বিনের ঝলমলে রোদ্দুরের প্রস্তুতি। নানান কাজের ফাকে ভুলেই গেছিলাম আমাদের পুজো আসে। ছোটবেলায় তো আর আমাদের হোয়াটসঅ্যাপ ছিলনা, তখন ও পুজা আসত কাশফুলের রুপালি আলো পেরিয়ে, পেঁজা তুলোর মতো মেঘে ভেসে ভেসে, আরও অনেক অনেক অনুসঙ্গ নিয়ে। মনটা বড্ড আনমনা হয়ে গেল। মুহূর্তে পৌঁছে গেলাম সেইখানে যেখানে শৈশব আঁটকে আছে দুর্গা পুজার অনুসঙ্গে।




শৈশব মানেই আমার অপ্রতিম বন্ধু মিলন যার সাথে আমি অনেকটাই ভাগ করে নিয়েছিলাম আমার শৈশব, কৈশোর এবং আরো আরো অনেক কিছু। বর্ষা শেষ হলে পটুয়া পাড়া তে শুরু হত মা দুর্গার মূর্তি তৈরির প্রস্তুতি। ক্লাস ফাইভ-সিক্স হবে, দুজনেই স্কুল থেকে এসেই কোনো রকমে ব্যাগ ফেলেই দৌড়াতাম সেখানে। এখনকার বাচ্চারা যেমন বিরাট কোহলি, ধোনি, শাহরুখ খান কে চেনে, তেমনি সে বয়সে আমরা চিনতাম অনিল পাল, ননী পাল কে। ওরাই ছিল আমাদের হিরো। চন্দনপুকুর বাজারের মুখে আরেক পটুয়ার ঠেক ছিল একটা পাবলিক টয়লেটের পাশে। অ্যামোনিয়ার গন্ধ এত তীব্র ছিল যে আসে পাশে যাওয়া দুস্কর ছিল। স্বচ্ছ ভারত অভিযান তখন স্বপ্ন। তাই নাকে হাত চাঁপা দিয়ে ওনারও মূর্তি বানানো দেখতে যেতাম, ওখানে একটু ছোট সাইজের কম বাজেটের ঠাকুর তৈরি হত। ওনার নাম পাড়ার দাদারা হিশুপাল রেখেছিল। আমরা নিজেদের মধ্যে গোপনে এই নাম নিয়ে অনেক মজা করেছি, শিশুপাল জানতাম কিন্তু…। অনেক বছর পর জেনেছিলাম তার আসল নাম ছিল বিশ্বজিৎ পাল। ওরফে বিশু পাল। যাই হোক, দেখতাম বাঁশ , কাঠের ফ্রেম, বিচুলি, চটের সূতলি,এঁটেল মাটি , রঙ তুলি আর পাল কাকুদের ঘর্মাক্ত কলেবরে পরিশ্রম, সব মিশিয়ে ধিরে ধিরে মা মৃন্ময়ী রুপ ধারণ করতো। শেষ দিন যেদিন চোখ আঁকত আমাদের কি আনন্দ ! মা মৃন্ময়ী থেকে যেন চিন্ময়ী হতেন।

পুজো আসতো বাটার জুতোর দোকান হয়ে। খবরের কাগজ, রেডিও সব জায়গায় থাকতো তার ঝলমলে বিজ্ঞাপন। বাটার ক্যাপসানই ছিল " পুজায় চাই নতুন জুতো"। আমার কাছে জুতোর থেকেও বড় আকর্ষণ ছিল কাগজের মুখোশ আর বেলুন। জুতো না কিনলেও বাটা কোম্পানির আউটলেট গুলো বাচ্চা দের খালি হাতে ফেরত যেতে দিতনা। এখন কেন জানিনা জীবন বড় হিসেবী হয়ে গেছে।

হিসেবের কথায় মনে পড়ে গেল পুজা আসতো বাবার বোনাসের দিনের হাত ধরেও। জামা কাপড় ছাড়াও বাড়ির অনেক টুকিটাকি কেনাকাটা তোলা থাকতো ওই বোনাস বাবুর দায়িত্বে। একদিন বোনাস হত,সেটা বুঝতাম যেদিন বাবা অফিস ফেরত বাড়িতে একটা বড়ো সন্দেশের প্যাকেট নিয়ে আসতো, সোদপুরের

বিখ্যাত মদন মোহন মিষ্টান্ন ভাণ্ডারের, তালশাঁস সন্দেশ। এক-দু  দিনের মধ্যেই আমরা সপরিবারে কলকাতায় যেতাম পুজার জামা কাপড় কিনতে। সেটাও ছিল ছোটবেলার এক বিশেষ আনন্দের দিন। কেননা ওদিন দুটো জিনিস ছিল আমাদের ভাই বোন দের মুখ্য আকর্ষণ, এক- আমিনিয়ায় দুপুরের খাওয়া, আর ফেরার সময় ট্যাঁক্সি করে এসপ্লানেড থেকে শিয়ালদা পর্যন্ত আসা। জানালার পাসে বসা নিয়ে বোনের সাথে আমার প্রতিবারই ঝগড়া হত।

তার পরের কোন এক রবিবার বাঁ ছুটির দিনে আবার পুজা আসতো দর্জি চাচার দোকান ঘুরে । আমরা সব ভাই বোন যেতাম জামা কাপড়ের মাপ দিতে। একবার মনে আছে পরের দিন বাবার অজান্তে ওই দোকানে আবার গেছিলাম চাচাকে আমার নিজস্ব পছন্দের কথা বলতে, যেমন "জামাটা কিন্তু বুশ শার্ট স্টাইলে বানিও প্লিস, আর প্যান্ট এ একটা চোরা পকেট দিও"। দর্জি চাচা খুব বকেছিল, বলেছিল, ভাগ! হাফ প্যান্টের আবার চোরা পকেট হয় নাকি? মলিন মুখে ফেরত  এসেছি।  তখন তো আর এটিএম কার্ড ছিলনা, তাই বড়দের প্যান্টে থাকতো চোরা পকেট। আমারও ইচ্ছা ছিল ওরকম আমার প্যান্টেও একটা থাক। সপ্তাহ খানেক পর বাবা জামা কাপড় দর্জি দোকান থেকে নিয়ে আসলেই ঝাঁপিয়ে পড়লাম যে যার নিজের জামা কাপড় দেখার জন্য, কেমন বানিয়েছে? প্যান্ট পরে আবিষ্কার করেছিলাম সেই চোরা পকেট। কী আনন্দ! মনে মনে মকবুল চাচার চোয়াল ভাঙ্গা গালের খোঁচা  খোঁচা দাঁড়িতে  চুমু খেলাম। পূজা আসতো মকবুল চাচার চোরা পকেটে রাখা গোপন ভালবাসার হাত ধরে।




পুজো আসতো আমাদের পুরানো বাড়ির শিউলি পাতায় শিশির বিন্দুর হাত ধরেও । ভোরে বোন সে ফুল তুলত ,আমিও থাকতাম সাথে, আমি কোন ঘাস ফড়িঙ কিম্বা আমাদের বাড়ির দেয়াল ঘেঁষে বেড়ে ওঠা বোগেনভেলিয়া ফুলগাছের ঝোপে দুর্গা-টুন্‌টুনি র বাসা বাঁধার কার্যকলাপ দেখতে দেখতে , হঠাৎ ফুলের সাজি থেকে এক গুচ্ছ শিউলি ফুলের মেঘ হাতের আঁজলায় ভরে নিয়ে তার নির্মল গন্ধ শুঁকতাম। সম্বিৎ ফিরত বোনের শাসানি তে, " দাদা গন্ধ শুকবি না কিন্তু, মা কে বলে দেব , জানিস না পূজার ফুলে গন্ধ শুঁকতে নেই"। ছোটবেলায় বোন আমাকে খুউব ব্ল্যাকমেল করত , 'মা কে বলে দেব'  বলে। যদিও কখনো সে অর্থে করেনি। একবার পাড়ার পুকুরে( ওটাকে বড়দির পুকুর বলা হত) স্নান করতে গেছি ,ভদ্র ভাবে জলে নামা কোনোদিনই স্বভাবে ছিলনা, এক দৌড়ে শূন্যে ডিগবাজি খেয়ে পুকুরের জলে ল্যান্ড করব, হিসাবের ভুলে আধা ডিগবাজি অবস্থায়  শান বাধানো ঘাটে মাথা নিচে অবস্থায় ল্যান্ড করলাম, মাথা ফেটে চৌচির, সামান্য ঝিম ঝিম করছিল। বুঝিনি তখনও , বোনের চিৎকারে বুঝলাম কিছু গণ্ডগোল হয়েছে। এত রক্ত কেন? খুব অনুনয় বিনয়  করেছিলাম, মা কে বলিস না। কিন্ত সেবার কথা রাখেনি, পাড়া মাথায় করেছিল। সেই সেলাইএর কাঁটা দাগ এখনো প্রতিদিন আমাকে সেই শাপলা আর কচুরিপানার সবুজ নিস্তরঙ্গ  বড়দির পুকুর ঘাটে নিয়ে যায়। যেখানে আমি আর বোন খেলা করি। আমি অপু – দুর্গা আমার বোন।





আমাদের বাড়ির প্রত্যেক কে একদিন একসাথে এক জায়গায় জড়ো করে পুজার জামাকাপড় মা দিতেন, আমার দাদু, ঠাকুমা নোয়াখালী ভাষায় বলত, "খুব বালা অইসে - চুটকিয়া গুলার লাই কিনছস তো?" আমরাও পেতাম। কাজের মাসি ও। কি খুসিই না হতেন তিনি। মা কানে কানে বলত, আজ ওর বোনাসের দিন। পুজা আসতো নতুন জামাকাপড়ের গন্ধে। পুরানো জামা কাপড় ও আশ্বিনের রোদে মা ছাদে শুকতে দিত, আমার ছিল পাহারা দেবার পালা। পুজা আসতো চাঁদার বিলে, পুজা আসতো নবকল্লোলে, দেশে,আনন্দমেলায় আর দেব সাহিত্য কুটিরের নতুন বইএর গন্ধে।

পুজা আসতো গ্রামফোন রেকর্ডের নতুন গানের সুরে সুরে। এইচএমভি র শারদ অর্ঘ্য বই এ। প্রথম দিকে রেকর্ড কিনলেই ক্রেতা কে বিনামুল্যে বইটা দেয়া হত, আড়াই টাকা থেকে বাড়তে বাড়তে পরে ১৯৮৮ সালের শেষ সংখ্যাটির দাম ছিল ২৫ টাকা।তবে এইচএমভি-র পাশাপাশি মেগাফোন ও হিন্দুস্থান রেকর্ডসও পুজোর গানের বই প্রকাশ করত। সাবেকি শারদ অর্ঘ্যতে বর্ণানুক্রমিক ভাবে সাজানো থাকত শিল্পীদের ছবি, তাঁদের গানের কথা, গীতিকার ও সুরকারদের নাম। কখনও কখনও দেওয়া হত বাছাই করা গানের স্বরলিপিও। শিল্পী তালিকায় শুরুতেই থাকতেন সংস্কৃত স্তোত্র পাঠের জন্য বিখ্যাত গোবিন্দগোপাল ও মাধুরী মুখোপাধ্যায় আর সব শেষে অধিষ্ঠান করতেন হেমন্ত মুখোপাধ্যায়। । কি সব মন কাড়ানিয়া গান!
হ্যাঁগো, মেলায় যাইবা নাকি ? হ্যাঁ জামু, কি কিনা দিবা? যা চাইবা তাই। সত্যি? রাহুল দেব বর্মণ-আশা ভোশলে, ১৯৭৮ সাল। সাধের লাউ বানাইল মোরে বৈরাগী । রুনা লায়লা। ১৯৭৭ সাল।
আরো অনেক অনেক গান। গানের কথা বললে এ লেখা শেষ করতে পারবনা, গান তো নয় হৃদয়ের মাইলস্টোন । আমার একটা গানে পাওয়া রোগ ছিল, মানে এখনো আছে। সকালে কোন একটা গান আমার কানে বা মনে ধরলে সারাদিন মনের সাউন্ড সিস্টেমে লুপ হয়ে বাজতে থাকে। যতক্ষণ না অন্য কোন গান তার জায়গা না করে নেয়। আমাদের বাড়িতে একটা বুশ কোম্পানির রেডিও ছিল, ভোর বেলা বাবা সেই রেডিও চালিয়ে দিত। সেই তখন থেকে কখনো এই রোগ থেকে মুক্তি পাইনি। সেই রেডিও তে আমরা আধা ঘুমে বীরেন্দ্র কৃষ্ণ ভদ্র র "মহিষাসুরমর্দিনী" শুনতাম।
"বাজল তোমার আলোর বেনু " ছোট বেলার সেই বেনু আজ আর বাজেনা।

প্রতি পুজায় একটু একটু করে বড়ো হতাম, জামায় , জুতোর সাইজে, স্কুলের ক্লাসে, বাবা-মার দেয়া একটু একটু ছাড়ে, মানে স্বাধীনতায়। সেবার প্রথম পেলাম পুজার হাতখরচ । সকাল থেকে উত্তেজনা , কিভাবে খরচা করব! অবশেষে মিলনের সাথে গলি থেকে রাজপথ, মানে পাড়ার গলি থেকে বারাসাত রোডে র কালু দার দোকানে সন্ধ্যে নামার আগেই ঘুগনি-পাউরুটি খেয়েছিলাম। আমরা এত তাড়াতাড়ি চলে গেছিলাম সেদিন, কালু দা তখনও কয়লার উনুনে আঁচ পুরো দিয়ে উঠতে পারেনি। সেই ধোঁয়াময় কয়লায় সেঁকা চার-আনার কোয়ার্টার পাউরুটির স্বাদ আজও অম্লান। অনেক পাঁচতারা হোটেলে থেকেছি , নানান দেশের নানান স্বাদের খাবার খেয়েছি, কিন্তু বাল্যবন্ধুর সাথে ওই কালু দার ঘুগনি-পাউরুটি র স্বাদ আর কোনোদিন ও পেলাম না। জলন্ত কয়লার আঁচের সাথে কালুদা, ওই দোকান , ওই বাল্যবন্ধু সব সব ধোঁয়া হয়ে গেছে।

একটু বড়, মানে ক্লাস নাইন টেনে, পুজোার প্যান্ডেলের মাইক বাজানোর দায়িত্ব আমরা ছোটরা নিজেই নিয়ে নিতাম। তখন ছিল, এল পি, ই পি রেকর্ডের যুগ। রেকর্ড ওলটানো, বদলানোর জন্য একজন কে গ্রামোফোনের পাশে থাকতেই হত। একটা ঘটনা না বললেই নয়। আমাদের পাড়ার ছেলে জয়, আমার থেকে বছর দুয়েক বড়ো হবে, পাড়ার এক সম্ভ্রান্ত পরিবারের মেয়ের প্রেমে পড়ল । লাজুক লাজুক চঞ্চল চোখ, নাম পুজা। সেবার জয় আমাদের মাইক বাজাতে দেয়নি। সকাল বিকেল খালি একটাই গান ঘুরে ফিরে বাজাচ্ছিল, "আমার পুজার ফুল ভালবাসা হয়ে গেছে"। বেচারা সেবার সুবিধা করতে পারেনি।তাই বোধহয় পরের বছর মরিয়া হয়ে বাজিয়ে ছিল কিশোর কুমারের সেই অমোঘ গান " তোমার বাড়ির সামনে দিয়ে আমার মরন যাত্রা যেদিন যাবে" । অবশেষে নবমীর রাতে পুজা পর্ব প্রেমে পর্যবাসিত হয়। জয় এর সে কি জয়োল্লাস!

দুর্গা পুজা মানেই বাঙালি ছেলেদের অনেকরকম অপকর্মের হাতে খড়ি, অন্তত আমার ক্ষেত্রে তাই।পুজা মন্ডপের পেছনে বসে প্রথম সিগারেট খাওয়া , প্রথম বিয়ার খাওয়া, এবং তা খেয়ে রাস্তায় বমি করে বন্ধুদের কাছে উদোম খিস্তি। অষ্টমীর দিন পুষ্পাঞ্জলি ছিল আমাদের এক বিশেষ দিন। পাড়ার যে মেয়েটিকে মনে মনে ভাল লাগতো চুপটি করে তার পাশে দাঁড়িয়ে, ওং নমঃ সৃষ্টি স্তিতি বিনাশানাং শক্তি ভূতে সনাতনি | গুণাশ্রয়ে গুণময়ে নারায়ণি নমস্তুতে বলার আনন্দ ই অন্যরকম ছিল, কোনো কোনো বছর একাধিক বারও পুষ্পাঞ্জলি দিয়েছি। পরে দুর্গা মা কে মনে মনে সরি বলে দিতাম।




পুজার অন্যতম এবং অন্তিম আকর্ষণ ছিল বিসর্জন উৎসব । দারুন সব ট্যাবোলো সাজানো হত। ঢাকির দল, তাসা পার্টি, ব্যান্ড পার্টি আর মাইকে ডিস্কো ড্যান্স এর গান। আহা, এ যেন ব্রাজিলের কার্নিভ্যাল এর মত, রাস্তায় পুরো পাড়া, নাচতে নাচতে ,আনন্দ করতে করতে যাচ্ছে। আমিও বন্ধুদের সাথে নাচতাম, সেইসব অগোছালো কৈশোরের উদ্দামতার কথা ভাবলে বড়ো আনমনা হয়ে পড়ি। মনে পড়ে বিসর্জনের বাজনায় ঢাকির বোল উঠতো, যেন এক দর্শনতত্ব;
"ঠাকুর থাকবে কতক্ষন ঠাকুর যাবে বিসর্জন" সত্যিই তো, কোনই আকাঙ্ক্ষিত দিন, পর্যায়, ব্যাবস্থা, কোনোকিছুই চিরস্থায়ী নয়। সেই ঢাকের বোল কানের পেছনে যেন ফিসফিস করে বলে...

"জীবন থাকবে কতক্ষন জীবন যাবে বিসর্জন"

*প্রসেনজিৎ মজুমদার*
বিলাসপুর
২০১৮

পুনশ্চঃ – ছবিগুলি নেট থেকে সংগ্রহিত, এর কোনো কৃতিত্ব লেখকের নয়।

**Keys**

I wonder why I keep old keys?
They were important once.
Secured what was precious,
Houses, cars, suitcases,
Filing cabinets and drawers,
And a locker with little treasures.
Allowed entries into
office blocks, parking lots,
And to reserved places of sorts.

They were meant to be
Married to their locks.
Now alone with passing time.
Some of their locks old and discarded,
Along with the suitcases they guarded.
Some disabled and decoded,
Others with duplicates or newer keys.

An ever increasing bunch,
They of different colours
shapes and designs.
Friends,  together
With some isolated earrings.
Telling stories of a common past,
Of travels, of secret delights,
Of love and of loss
Sharing memories of by-gone days
Happily they hang by my window sill
While life goes on, its usual way

**Myopia**

I made a wish
One starlit night
On seeing a small
Speck of moving light
A falling star
From heavens far
A message to Gods
A desire expressed
Silently, without words.

But then with my glasses on
The stars grew sharper
The sky a shade darker
And my falling star
An aeroplane, droning
Above and not so far
Across the sky it flew
I wondered, could it maybe
Make my wish come true?

A different lens, a sharper view
Would only a burning rock reveal
Without the added magic
Of my fantasy
A falling star would lose its appeal.
So why not let the illusion
Of poor vision remain
A wish would come true
If it has to, a falling star or plane
**Vandana Dimri**


শেফিল্ড এণ্ড ডিসট্রিক দূর্গোৎসব এণ্ড কালচারাল
কমিটি বারনসলে, সাউথ ইর্য়কশায়ার ইংল্যান্ড








# Continental
Supermarket
HYDE PARK

**Fforde Green Junction**
**Roundhay Road, Leeds**
**LS8 3QE**

## 0113 240 0222

**Leeds Premier Ethnic Store**

MEAT & POULTRY CENTRE
حلال
CC
حلال
THE PURE HALAL CHOICE

**129 Chapeltown Rd**
**Leeds, LS7 3DU**

## 0113 262 3728




5 year TOYOTA WARRANTY

C-HR Design 5 door Coupe FWD Hybrid 1.8 VVT-i Auto. Official Fuel Consumption Figures in mpg (l/100km): Urban 83.1 (3.4), Extra Urban 70.6 (4.0), Combined 74.3 (3.8). $CO_2$ Emissions 86g/km. All mpg and $CO_2$ figures quoted are sourced from official EU regulated laboratory test results. These are provided to allow comparisons between vehicles and may not reflect your actual driving experience. From 1 September 2017, certain new vehicles will be type-approved using the World Harmonised Light Vehicle Test Procedure (WLTP), which is a new, more realistic test procedure for measuring fuel consumption and $CO_2$ emissions. From 1 September 2018 WLTP will fully replace the New European Drive Cycle (NEDC), which is the current test procedure. Due to more realistic test conditions, the fuel consumption and $CO_2$ emissions measured under the WLTP are in many cases higher compared to those measured under the NEDC. More information can be found by visiting www.WLTPfacts.eu

Model shown is C-HR Design 5 door Coupe FWD Hybrid 1.8 VVT-i Auto at £26,665. Additional charges may apply on selected paint colours and finishes. Prices correct at time of going to print. 5 year/100,000 mile manufacturer warranty. Terms and conditions apply. *0% APR Representative only available on new retail orders of C-HR Hybrid between 1st October and 20th December 2018 and registered and financed through Toyota Financial Services by 31st March 2019 on a 24 month AccessToyota (PCP) plan with 0%-35% deposit. ^Payment shown is based on a 24 month AccessToyota (PCP) contract with £7,498 customer deposit and Guaranteed Future Value/Optional Final Payment. Toyota Financial Services (UK) PLC; registered office Great Burgh, Burgh Heath, Epsom, Surrey, KT18 5UZ. Authorised and regulated by the Financial Conduct Authority. Indemnities may be required. Finance subject to status to over 18s. Other finance offers are available but cannot be used in conjunction with this offer. Offer may be varied or withdrawn at any time. 8,000 miles per annum, excess miles over contracted charged at 10p per mile. Toyota Centres are independent of Toyota Financial Services. Participating Toyota Centres. Affordable finance through AccessToyota (PCP). Terms and conditions apply.




# Aagrah Restaurants

*Without doubt one of Yorkshire's most acclaimed Kashmiri restaurant group, offering informal yet luxury dining.*










*Dine in Aagrah's elegant restaurants and enjoy a modern menu made up of classic award winning dishes.*

AAGRAH®

restaurants | event catering

**BRANCHES THROUGHOUT YORKSHIRE**

Leeds, Tadcaster, Sheffield, Pudsey, Skipton, Ilkley, Shipley, Doncaster, Garforth, Wakefield.

**aagrah.com · Head office 01274 530880**